तमसो मा ज्योतिर्गमय

VISVA BHARATI
LIBRARY
SANTINIKETAN

081·03(04)
C449
V.1. Pt.3



রবীন্দ্র রচনা কোষ

© শ্রীদিজেন্দ্রনাথ-শ্রীবাসুদেব সাহিত্য

"আপরিতোষাদ্ বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্"

রবীন্দ্র-রচনা-কোষ

॥ প্রথম খণ্ড : তৃতীয় পর্ব ॥

('ব'—'হ')

শ্রীচিত্তরঞ্জন দেব
শ্রীবাসুদেব মাইতি

বিশ্বভারতী
শান্তিনিকেতন

বিশ্বভারতী গবেষণা গ্রন্থমালা
প্রকাশ : মহালয়া ১৩৭৩

মূল্য : আট টাকা

প্রকাশক : রণজিৎ রায়
বিশ্বভারতী
শান্তিনিকেতন

মুদ্রাকর : শ্রীবিদ্যুৎরঞ্জন বসু
শান্তিনিকেতন প্রেস
শান্তিনিকেতন। বীরভূম

নিবেদন

"সম্পূর্ণ 'রবীন্দ্ররচনাকোষ' রবীন্দ্র-জন্ম-শতবার্ষিক উৎসবের মধ্যেই প্রকাশ করিবার দায়িত্ব বিশ্বভারতী লইয়াছেন" বর্তমান কোষ-গ্রন্থের প্রথম খণ্ড-দ্বিতীয় পর্বের 'নিবেদনে' এইরূপ উল্লেখ ছিল। কিন্তু কার্যতঃ তাহা হইয়া উঠিল না। বিশ্বভারতীর ভূতপূর্ব উপাচার্য মাননীয় শ্রীযুক্ত সুধীরঞ্জন দাস মহাশয়ের আগ্রহে এবং বিশ্বভারতীর বর্তমান উপাচার্য শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত কালিদাস ভট্টাচার্য এম. এ., পি-এইচ. ডি. মহোদয়ের সহৃদয় আনুকূল্যে বর্তমান তৃতীয় পর্ব প্রকাশিত হইল। আমরা তাঁহাদিগকে আমাদের বিনম্র শ্রদ্ধা নিবেদন করিতেছি।

রবীন্দ্র-সাহিত্যের অনুরাগী গবেষক, ছাত্র এবং অনিসন্ধিৎসু পাঠকবর্গের নিকট, আমাদের শুভানুধ্যায়ী উৎসাহদাতাগণের নিকট, সর্বোপরি যাঁহারা কোষগ্রন্থের পূর্ববর্তী দুই পর্ব সংগ্রহ করিয়াছেন, তাঁহাদের সকলের নিকট এই বিলম্ব-প্রকাশ-জনিত আমাদের অনিচ্ছাকৃত অপরাধের জন্য ক্ষমা ভিক্ষা করিতেছি।

বিশ্বভারতী সম্প্রতি কবির কতিপয় স্বতন্ত্র গ্রন্থ লইয়া সপ্তবিংশ খণ্ড রবীন্দ্র-রচনাবলী (দ্র. পরিশিষ্ট ২-খ) প্রকাশ করিয়াছেন। আমাদের এই কোষ-গ্রন্থে বিশ্বভারতী প্রকাশিত রবীন্দ্ররচনাবলী প্রথম খণ্ড হইতে ষড়বিংশ খণ্ড পর্যন্ত ২৬ খণ্ড, অচলিত সংগ্রহ ১ম খণ্ড ও ২য় খণ্ড এবং রবীন্দ্রনাথরচিত অন্যান্য স্বতন্ত্র গ্রন্থ ও চিঠিপত্রাদি সম্পূর্ণরূপে ব্যবহার করা হইয়াছে। কোষ গ্রন্থ প্রস্তুতকালে (১৯৬০ খৃঃ) রবীন্দ্র-রচনাবলী সপ্তবিংশ খণ্ড (১৯৬৫ খৃঃ) প্রকাশিত হয় নাই ; কিন্তু সপ্তবিংশ খণ্ডে যে সকল বই সংকলিত হইয়াছে—তার মধ্যে স্ফুলিঙ্গ (কবিতা), আত্মপরিচয়, সাহিত্যের স্বরূপ, মহাত্মাগান্ধী, আশ্রমের রূপ ও বিকাশ, বিশ্বভারতী, শান্তিনিকেতন-ব্রহ্মচর্যাশ্রম, সমবায়নীতি ও খৃষ্ট এই নয়টি গ্রন্থে প্রকাশিত সর্বপ্রকার তথ্য এবং পল্লীপ্রকৃতি (১৯৬১) গ্রন্থে

প্রকাশিত প্রবন্ধ, ভাষণ প্রভৃতির শিরোনাম (উক্ত গ্রন্থ সমূহের নির্দিষ্ট পৃষ্ঠা সংখ্যাসহ) কোষগ্রন্থের দ্বিতীয় ও তৃতীয় পর্বে যথাস্থানে সংকলিত হইয়াছে।

পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগ কোষগ্রন্থটিকে লাইব্রেরি পুস্তকরূপে অনুমোদন করিয়াছেন। আমরা শিক্ষাবিভাগের মাননীয় কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

এই গ্রন্থের দ্বিতীয় পর্বের সঙ্গে ইহার বিন্যাস ও ব্যবহারের সংকেত না থাকায় সহৃদয় পাঠকবর্গ অভিযোগ জানাইয়াছেন। সেইজন্য এই পর্বের পরিশিষ্ট অংশে (দ্র. পরিশিষ্ট-৬) পুনরায় তাহা দেওয়া হইল।

রবীন্দ্রসাহিত্য ও জীবনের প্রাসঙ্গিক অন্যান্য তথ্য জানার কৌতূহল রবীন্দ্র-সাহিত্যরস-পিপাসুদের থাকা স্বাভাবিক। সেইজন্য রবীন্দ্র-সাহিত্য ও জীবনের কয়েকটি বিশেষ বিষয় কোষগ্রন্থের পরিশিষ্ট-১, -২, -৩, -৪, -৫ অংশে ভিন্ন ভিন্ন শিরোনামে সংকলিত হইল। আশা করি কৌতূহলী পাঠকবর্গ সাদরে তাহা গ্রহণ করিবেন।

যে সকল গুণগ্রাহী আমাদের নানাভাবে পরামর্শ দিয়াছেন, প্রতিনিয়ত যাঁহারা আমাদের উৎসাহ দান করিয়াছেন, যাঁহাদের নিকট হইতে আমরা হাতেকলমে সাহায্য লাভ করিয়াছি, তাঁহাদের সকলেরই নাম পূর্বপ্রকাশিত দুই পর্বে উল্লেখ করা হইয়াছে। পুনরুল্লেখ বাহুল্য। তাঁহাদের সকলের নিকট আমরা আমাদের শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাইতেছি।

এই পর্ব প্রকাশের সঙ্গে এই কোষগ্রন্থের প্রথম খণ্ড সমাপ্ত হইল।

শান্তিনিকেতন বোলপুর
মহালয়া, ২৬শে আশ্বিন
১৩৭৩ বঙ্গাব্দ । শকাব্দ ১৮৮৮

নিবেদন ইতি—
বিনীত
গ্রন্থকারদ্বয়

পরিশিষ্ট-সূচী

পরিশিষ্ট-১

(ক) গ্রন্থাকারে প্রকাশিত রবীন্দ্র-রচনার কালানুক্রমিক তালিকা

(খ) কাব্য-নাট্য, গান, গল্প, প্রবন্ধ ও পত্রাদির ভিন্ন ভিন্ন সংগ্রহপুস্তক

(গ) রবীন্দ্রনাথ রচিত বা সঙ্কলিত স্কুলপাঠ্য বই

(ঘ) নির্বাচিত রচনাবলী

(ঙ) রবীন্দ্রনাথ কর্তৃক সম্পাদিত গ্রন্থের তালিকা

(চ) রবীন্দ্রসঙ্গীতের স্বরলিপি-গ্রন্থের তালিকা

পরিশিষ্ট-২॥ রবীন্দ্ররচনার সামগ্রিক সংকলন

(ক) রবীন্দ্রগ্রন্থাবলী (হিতবাদী)

(খ) রবীন্দ্ররচনাবলী (বিশ্বভারতী)

(গ) রবীন্দ্ররচনাবলী (পশ্চিমবঙ্গ সরকার)

পরিশিষ্ট-৩॥ নাট্যগ্রন্থ

(ক) পূর্বে প্রকাশিত উপন্যাস, কবিতা প্রভৃতি অবলম্বনে রচিত নাটক

(খ) পূর্বে প্রকাশিত নাটক অবলম্বনে পুনরায় রচিত নাটক

পরিশিষ্ট-৪

রবীন্দ্রনাথ রচিত ও সম্পাদিত গ্রন্থ এবং গ্রন্থভুক্ত বিষয়ের পরিসংখ্যান

পরিশিষ্ট-৫

রবীন্দ্রজীবনের সংক্ষিপ্ত ঘটনাপঞ্জী (কালানুক্রমিক)

পরিশিষ্ট-৬

(ক) কোষগ্রন্থের বিন্যাস ও ব্যবহারবিধি

(খ) কোষগ্রন্থে ব্যবহৃত সাংকেতিক অক্ষরের সূচী

পরিশিষ্ট ১—

(ক) গ্রন্থাকারে প্রকাশিত রবীন্দ্র-রচনার কালানুক্রমিক তালিকা

এই তালিকা প্রণয়নে ৺ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় সঙ্কলিত 'রবীন্দ্র-গ্রন্থ-পরিচয়' পুস্তিকার সহায়তা গ্রহণ করা হইয়াছে।

খৃষ্টীয় সাল সর্বাধিক প্রচলিত বলিয়া প্রথমেই খৃষ্টাব্দ এবং তারপরে বঙ্গাব্দের উল্লেখ করা হইয়াছে। প্রথম দিকে প্রকাশিত রবীন্দ্রনাথের কোনো কোনো গ্রন্থের প্রকাশকাল সংবৎ দ্বারা সূচিত হওয়া সত্ত্বেও এখানে তার উল্লেখ করা হইল না।

১৮৭৮। ১২৮৫—কবিকাহিনী (কাব্য)

১৮৮০। ১২৮৬—বনফুল (কাব্য)

১৮৮১। ১২৮৮—বাল্মীকিপ্রতিভা (গীতিনাট্য)। দ্বিতীয় সংস্করণ-১২৯২ ফাল্গুন

„ । „ —ভগ্নহৃদয় (কাব্যনাট্য)

„ । „ —রুদ্রচণ্ড (কাব্যনাট্য)

„ । „ —য়ুরোপ প্রবাসীর পত্র (পত্র-প্রবন্ধ)। রবীন্দ্রশতবর্ষপূর্তি নূতন সংস্করণ (১৯৬১)

১৮৮২। „ —সন্ধ্যাসঙ্গীত (কাব্য)

„ । ১২৮৯—কালমৃগয়া (গীতিনাট্য)

১৮৮৩। „ —বউঠাকুরাণীর হাট (উপন্যাস)

„ । ১২৯০—প্রভাতসঙ্গীত (কাব্য)

„ । „ —বিবিধ প্রসঙ্গ (প্রবন্ধাবলী)

১৮৮৪। „ —ছবি ও গান (কাব্য)

„ । ১২৯১—প্রকৃতির প্রতিশোধ (নাট্য)

। „ —নলিনী (নাট্য)

„ । „ —শৈশব সঙ্গীত (কাব্য)

১৮৮৪ । ১২৯১ —ভানুসিংহঠাকুরের পদাবলী (গান)

১৮৮৫ । „ —রামমোহন রায় (ভাষণ)

„ । „ —আলোচনা (প্রবন্ধাবলী)

১৮৮৬ । ১২৯৩—কড়ি ও কোমল (কাব্য)

১৮৮৭ । „ —রাজর্ষি (উপন্যাস)

„ । „ —চিঠিপত্র (প্রবন্ধ)

১৮৮৮ । ১২৯৪—সমালোচনা (প্রবন্ধাবলী)

। ১২৯৫—মায়ারখেলা (গীতিনাট্য)

১৮৮৯ । ১২৯৬—রাজা ও রাণী (কাব্যনাট্য)

১৮৯০ । ১২৯৭—বিসর্জন (কাব্যনাট্য)। সংক্ষিপ্ত আকারে নারী-চরিত্র বর্জিত স্বতন্ত্র প্রকাশ (১৯৬১)

„ । „ —মন্ত্রি অভিষেক (প্রবন্ধ)

„ । „ —মানসী (কাব্য)

১৮৯১ । ১২৯৮—য়ুরোপযাত্রীর ডায়ারি (ভূমিকা)—১ম খণ্ড। রবীন্দ্র শতবর্ষপূর্তি নূতন সংস্করণ ২য় খণ্ডসহ (১৯৬১)

১৮৯২ । ১২৯৯—চিত্রাঙ্গদা (কাব্যনাট্য)

„ । „ —গোড়ায় গলদ (প্রহসন)

১৮৯৩ । ১৩০০—য়ুরোপ যাত্রীর ডায়ারি—২য় খণ্ড (ভ্রমণকাহিনী)। রবীন্দ্রশতবর্ষপূর্তি নূতন সংস্করণ ১ম খণ্ড সহ (১৯৬১)

১৮৯৪ । „ —সোনার তরী (কাব্য)

„ । „ —ছোটগল্প (গল্প)। প্রথম প্রকাশিত রবীন্দ্রনাথের গল্পের বই। ইহার সমস্ত গল্পই বর্তমান গল্পগুচ্ছের অন্তর্গত।

„ । ১৩০১—বিদায় অভিশাপ (কাব্যনাট্য)। চিত্রাঙ্গদা ২য় সংস্করণ সহ একত্রে 'চিত্রাঙ্গদা ও বিদায় অভিশাপ' নামে প্রকাশিত (১৮৯৪)। স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশিত (১৯১২)

১৮৯৪। ১৩০১—বিচিত্র গল্প—১ম খণ্ড (গল্প)। ইহার সমস্ত গল্পই বর্তমান গল্পগুচ্ছের অন্তর্গত।

„ । „ —কথা-চতুষ্টয় (গল্প)। ঐ ঐ

১৮৯৫। ১৩০২—গল্পদশক (গল্প)। ঐ ঐ

১৮৯৬। „ —নদী (কাব্য)।—পরে কাব্যগ্রন্থ-৭ম ভাগে প্রকাশিত। নূতন সচিত্র সংস্করণ (১৯৬৪)

„ । „ —চিত্রা (কাব্য)

„ । „ —মালিনী (নাটক)। প্রথমে কাব্যগ্রন্থাবলীতে সংকলিত। স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশ (১৯১২)

„ । „ — চৈতালি (কাব্য) প্রথমে কাব্যগ্রন্থাবলীতে সংকলিত। স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশ (১৯১২)

১৮৯৭। ১৩০৩—বৈকুণ্ঠের খাতা (প্রহসন)। পরে গদ্যগ্রন্থাবলী-৯ এর অন্তর্ভুক্ত (১৯১৮)

„ । ১৩০৪—পঞ্চভূত (প্রবন্ধাবলী)। দ্র. গদ্যগ্রন্থাবলী ১ম ভাগ

১৮৯৯। ১৩০৬—কণিকা (কাব্য)

১৯০০। „ —কথা (কাব্য)। পরবর্তীকালে অন্যান্য কবিতাসহ 'কথা ও কাহিনী' (১৯১৮) নামে প্রকাশিত এবং বর্তমানে প্রচলিত।

। „ —ব্রহ্মোপনিষদ্। দ্র. ঔপনিষদ্ ব্রহ্ম

„ । „ —কাহিনী (কাব্য ও নাট্যকাব্য)। 'কথা ও কাহিনী'র 'কাহিনী' অংশের সঙ্গে ইহার কোনো সম্পর্ক নাই।

„ । ১৩০৭—কল্পনা (কাব্য)

„ । „ —ক্ষণিকা (কাব্য)

„ । „ —ব্রহ্মমন্ত্র (৭ই পৌষে পঠিত ভাষণ)

১৯০১। ১৩০৮—নৈবেদ্য (কাব্য)

১৯০১। ১৩০৮—ঔপনিষদ ব্রহ্ম (প্রবন্ধ)। পূর্বে প্রকাশিত ব্রহ্মৌপনিষদ্ ইহার অন্তর্ভুক্ত হইয়াছে।

„ । „ —বাংলা ক্রিয়াপদের তালিকা।

১৯০৩। ১৩০৯—চোখের বালি। (উপন্যাস)।

„ । „ —স্মরণ (কাব্য)। কাব্যগ্রন্থ ৬ষ্ঠ ভাগে প্রথম প্রকাশিত। স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশ (১৯১৪)

„ । „ —শিশু (কাব্য)। কাব্যগ্রন্থ ৭ম ভাগে প্রথম প্রকাশিত। স্বতন্ত্রগ্রন্থাকারে প্রকাশ (১৯০৯)

„ । ১৩১০—কর্মফল (গল্প)। পরে শোধবোধ নাটক (১৯২৬)

১৯০৫। ১৩১২—আত্মশক্তি (প্রবন্ধাবলী)

„ । „ —বাউল (গান)

১৯০৬। „ —ভারতবর্ষ (প্রবন্ধাবলী)

„ । ১৩১৩—খেয়া (কাব্য)

„ । „ —নৌকাডুবি (উপন্যাস)

১৯০৭। ১৩১৪—বিচিত্র প্রবন্ধ (গদ্য গ্রন্থাবলী ১ম ভাগ) ১৬ ভাগে প্রকাশিত গদ্যগ্রন্থাবলীর প্রথম গ্রন্থ।

„ । „ —চারিত্র পূজা (প্রবন্ধ)

„ । „ —প্রাচীন সাহিত্য (গদ্যগ্রন্থাবলী ২য় ভাগ—প্রবন্ধাবলী)

„ । „ —লোকসাহিত্য (ঐ ৩য় ভাগ ঐ)

„ । „ —সাহিত্য (ঐ ৪র্থ ভাগ ঐ) পরিবর্ধিত ৩য় সংস্করণ (১৩৬১ শ্রাবণ)

„ । „ —আধুনিক সাহিত্য (গদ্যগ্রন্থাবলী ৫ম ভাগ—প্রবন্ধ)

„ । „ —হাস্যকৌতুক (ঐ ৬ষ্ঠ ভাগ—প্রহসন)

„ । „ —ব্যঙ্গকৌতুক (ঐ ৭ম ভাগ—প্রহসন)

১৯০৮। ১৩১৪—প্রজাপতির নির্বন্ধ (গদ্যগ্রন্থাবলী ৮ম ভাগ—উপন্যাস) পরে (১৯২৬ খৃঃ) চিরকুমারসভা (নাটক)।

„ । „ —সভাপতির অভিভাষণ—পাবনা সম্মিলনী। পরে সমূহ (গদ্য গ্রন্থাবলী ১১)-গ্রন্থভুক্ত

„ । „ —প্রহসন (গদ্যগ্রন্থাবলী ৯ম ভাগ)—গোড়ায়গলদ, বৈকুণ্ঠের খাতা।

„ । ১৩১৫—রাজাপ্রজা (ঐ ১০ম ভাগ—প্রবন্ধ)

„ । „ —সমূহ (ঐ ১১শ ভাগ—প্রবন্ধ)

„ । „ —স্বদেশ (ঐ ১২শ ভাগ—প্রবন্ধ)

„ । „ —সমাজ (ঐ ১৩শ ভাগ—প্রবন্ধ)

„ । „ —শারদোৎসব (নাটক)। পরে ঋণশোধ (১৯২১)

„ । „ —শিক্ষা (গদ্যগ্রন্থাবলী ১৪শ ভাগ)। পরিবর্দ্ধিত ৩য় সংস্করণ, চৈত্র, ১৩৫১

„ । „ —মুকুট (নাটক)। মুকুট গল্প হইতে নাট্যীকৃত।

১৯০৯। ১৩১৬—শব্দতত্ত্ব (গদ্যগ্রন্থাবলী ১৫শ ভাগ—প্রবন্ধ)

„ । „ —ধর্ম (ঐ ১৬শ ভাগ—প্রবন্ধ)

„ । „ —শান্তিনিকেতন (মন্দির উপদেশ)—১ম হইতে ৮ম ভাগ পর্যন্ত

„ । „ —প্রায়শ্চিত্ত (নাটক)। পরে পরিত্রাণ (১৯২৯)

„ । „ —বিদ্যাসাগর চরিত (প্রবন্ধ)

১৯১০। „ —শান্তিনিকেতন (মন্দির উপদেশ)—৯ম হইতে ১১শ ভাগ

„ । ১৩১৭—গোরা (উপন্যাস)

„ । „ —গীতাঞ্জলি (কবিতা ও গান)

„ । „ —রাজা (নাটক)। পরে অভিনয়যোগ্য সংক্ষিপ্ত সংস্করণ অরূপরতন (১৯২০)

১৯১১। „ —শান্তিনিকেতন (উপদেশ)—১২শ ও ১৩শ ভাগ।

১৯১১ । ১৩১৮—আটটি গল্প (গল্প)
১৯১২ । „ —ডাকঘর (নাটক)
„ । „ —ধর্মের অধিকার (প্রবন্ধ)
„ । „ —গল্প চারিটি (গল্প)
„ । ১৩১৯—জীবনস্মৃতি (আত্মজীবনী)
„ । „ —ছিন্নপত্র। পরে পরিবর্দ্ধিত রূপ 'ছিন্ন পত্রাবলী' (১৯৬০)। শেষোক্ত গ্রন্থে শ্রীশচন্দ্র মজুমদারকে লেখা পত্রগুলি বর্জিত।
„ । „ —অচলায়তন (নাটক)। অভিনয় যোগ্য পরিবর্ধিত সংস্করণ 'গুরু' (১৯১৮)
১৯১৪ । ১৩২১—উৎসর্গ (কবিতা)
„ । „ —গীতিমাল্য (কবিতা ও গান)
„ । „ —গীতালি (কবিতা ও গান)
১৯১৫ । „ —শান্তিনিকেতন (মন্দির উপদেশ)—১৪শ ভাগ
১৯১৬ । „ —শান্তিনিকেতন (মন্দির উপদেশ)—১৫শ হইতে ১৭শ ভাগ
„ । „ —ফাল্গুনী (নাটক)
„ । ১৩২৩—ঘরে বাইরে (উপন্যাস)
„ । „ —সঞ্চয় (প্রবন্ধাবলী)
„ । „ —পরিচয় (প্রবন্ধাবলী)
„ । „ —বলাকা (কাব্য)
„ । „ —চতুরঙ্গ (উপন্যাস)
„ । „ —গল্পসপ্তক (গল্প)
১৯১৭ । ১৩২৪—কর্তার ইচ্ছায় কর্ম (প্রবন্ধ)। পরে 'কালান্তর' গ্রন্থভুক্ত (১৯৩৭)
১৯১৮ । „ —গুরু (নাটক)—অচলায়তন নাটকের অভিনয়যোগ্য সংস্করণ
„ । ১৩২৫—পলাতকা (কবিতা)

১৯১৯। ১৩২৬—জাপানযাত্রী (ভ্রমণকাহিনী)

১৯২০। ১৩২৭—অরূপরতন। নাটক। 'রাজা' নাটকের সংক্ষিপ্ত সংস্করণ।

„ । „ —পয়লা নম্বর (গল্প)

১৯২১। „ —শিক্ষার মিলন (প্রবন্ধ)

„ । ১৩২৮—ঋণশোধ (নাটক)। শারদোৎসব (১৯০৮)-এর অভিনয়যোগ্য সংস্করণ।

১৯২২। ১৩২৯—মুক্তধারা (নাটক)। কথোপকথনের কিয়দংশ এবং কয়েকটি গান 'প্রায়শ্চিত্ত' নাটকের।

„ । „ —লিপিকা (গদ্যকাব্য, রূপক, গল্প)

„ । „ —শিশু ভোলানাথ (কাব্য)

১৯২৩। „ —বসন্ত (গীতিনাট্য)

১৯২৫। ১৩৩২—পূরবী (কাব্য)

„ । „ —গৃহপ্রবেশ (নাটক)। শেষের রাত্রি (১৯১৪) গল্পের নাট্যরূপ।

„ । „ —প্রবাহিণী (গান)

১৯২৬। „ —চিরকুমার সভা (নাটক)। প্রজাপতির নির্বন্ধ (১৯০৮) হইতে গৃহীত।

„ । ১৩৩৩—শোধবোধ (নাটক)। কর্মফল (১৯০৩) গল্প হইতে নাট্যীকৃত।

„ । „ —নটীরপূজা (নাটক)। 'কথা' গ্রন্থের 'পূজারিণী' কাবতার গল্পাংশ হইতে (১৯০৯)।

„ । „ —রক্তকরবী (নাটক)।

১৯২৭। ১৩৩৪—লেখন (কণাকবিতা)। কবির হস্তাক্ষর মুদ্রণে প্রকাশিত ইংরেজি অনুবাদসহ।

„ । ” —ঋতুরঙ্গ (গীতিনাট্য)।

১৯২৮। ১৩৩৫—শেষরক্ষা (প্রহসন)। গোড়ায়গলদ (১৮৯২)-এর অভিনয়যোগ্য সংস্করণ

১৯২৯। ১৩৩৬—যাত্রী (ভ্রমণকাহিনী ও পত্রাবলী)। পশ্চিমযাত্রীর ডায়ারি ও জাভাযাত্রীর পত্র। পরে দুই স্বতন্ত্র গ্রন্থরূপে প্রকাশিত (১৯৬০-১৯৬১)

„ । „ —পরিত্রাণ (নাটক)। প্রায়শ্চিত্ত (১৯০৯) এর নূতন পরিবর্দ্ধিত রূপ

„ । „ —যোগাযোগ (উপন্যাস)

„ । „ —শেষের কবিতা (উপন্যাস)

„ । „ —তপতী (নাটক)। 'রাজা ও রাণী' (১৮৮৯) এর পরিবর্তিত রূপ।

„ । „ —মহুয়া (কাব্য)

১৯৩০। „ —ভানুসিংহের পত্রাবলী (পত্রাবলী)

১৯৩১। ১৩৩৭—নবীন (গীতিনাট্য)। দ্র. স্বরবিতান ৫ম খণ্ড। পরে 'বনবাণী' গ্রন্থভুক্ত। সূচী—বনবাণী, নটরাজ ঋতুরঙ্গশালা, বর্ষামঙ্গল, নবীন।

„ । ১৩৩৮—রাশিয়ার চিঠি (পত্রাবলী)

„ । „ —বনবাণী (কবিতা ও গান)। ঋতুরঙ্গ (১৯২৭) ও নবীন (১৯৩১)—এই দুটি গীতিনাট্য সংবলিত

„ । „ —শাপমোচন (গীতিনাট্য)। 'রাজা' নাটকের মূল বিষয়বস্তু অবলম্বনে রচিত

১৯৩২। ১৩৩৯—পরিশেষ (কাব্য)

„ । „ —কালের যাত্রা (নাটক)। রথের রশি ও কবির দীক্ষা—এই দুটি নাটিকা-সংবলিত

„ । „ —পুনশ্চ (গদ্য কাব্য)

১৯৩২ । ১৩৩৯—Mahatmaji and the Depressed Humanity (মহাত্মা গান্ধী সম্পর্কিত তিনটি বাংলাভাষণ ও ইংরেজিতে লেখা কয়েকটি নিবন্ধ-সংকলন)

১৯৩৩ । „ —বিশ্ববিদ্যালয়ের রূপ (বক্তৃতা)

„ । „ —দুইবোন (উপন্যাস)

„ । ১৩৪০—শিক্ষার বিকিরণ (বক্তৃতা)

„ । „ —মানুষের ধর্ম (কমলা-বক্তৃতা)

„ । „ —বিচিত্রিতা (কাব্য)

„ । „ —চণ্ডালিকা (নাটিকা)

„ । „ —তাসের দেশ (নাটিকা)

„ । „ —বাঁশরী (নাটক)

„ । „ —ভারতপথিক রামমোহন রায় (ভাষণ ও প্রবন্ধ)। পরিবর্ধিত শতবার্ষিক সংস্করণ (১৯৬১)

১৯৩৪ । „ —মালঞ্চ (উপন্যাস)

„ । ১৩৪১—শ্রাবণ গাথা (গীতিনাট্য)

„ । „ —চার অধ্যায় (উপন্যাস)

১৯৩৫ ।১৩৪১-৪২-শান্তিনিকেতন (মন্দির উপদেশ)। প্রথমখণ্ড, দ্বিতীয়খণ্ড। কবিকর্তৃক নির্বাচিত রচনার পরিমার্জিত সংস্করণ।

„ । ১৩৪২—শেষ সপ্তক (গদ্যকাব্য)। রবীন্দ্রশতবর্ষপূর্তি সংস্করণে (১৯৬১) দশটি নূতন কবিতা মুদ্রিত হইয়াছে।

„ । „ —সুর ও সঙ্গতি (পত্রাবলী)। রবীন্দ্রনাথ ও ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের মধ্যে পত্রালাপ।

„ । „ —বীথিকা (কাব্য)।

১৯৩৬ । „ —নৃত্যনাট্য চিত্রাঙ্গদা (নৃত্যনাট্য)। চিত্রাঙ্গদা কাব্য (১৮৯২) হইতে।

১৯৩৬ । ১৩৪৩—পত্রপুট (গদ্যকাব্য)
„ । „ —ছন্দ (ছন্দ বিষয়ক প্রবন্ধাবলী) । অধ্যাপক প্রবোধচন্দ্র সেন সম্পাদিত পরিবর্ধিত নূতন সংস্করণ (১৯৬২)
„ । „ —জাপানে পারস্যে (ভ্রমণকাহিনী) । জাপানযাত্রী ইহার অন্তর্ভুক্ত হইয়াছে
„ । „ —শ্যামলী (গদ্যকাব্য)
„ । „ —শিক্ষার ধারা (প্রবন্ধ) । ইহাতে রবীন্দ্রনাথের তিনটি প্রবন্ধ আছে ।
„ । „ —সাহিত্যের পথে (প্রবন্ধাবলী) ।
„ । „ —পাশ্চাত্যভ্রমণ । ইহাতে য়ুরোপপ্রবাসীর পত্র পরিবর্তিত আকারে ও য়ুরোপযাত্রীর ডায়ারি ২য় খণ্ড পুনর্মুদ্রিত হইয়াছে ।
„ । „ —প্রাক্তনী (অভিভাষণ)
১৯৩৭ । „ —খাপছাড়া (ছড়া) । কবিকর্তৃক চিত্রাঙ্কিত ।
„ । ১৩৪৪—কালান্তর (প্রবন্ধাবলী)
„ । „ —সে (গল্প) । কবিকর্তৃক চিত্রাঙ্কিত ।
„ । „ —ছড়ার ছবি (কাব্য) । নন্দলাল বসু কর্তৃক চিত্রাঙ্কিত ।
„ । „ —বিশ্বপরিচয় (বিজ্ঞানবিষয়ক প্রবন্ধাবলী)
১৯৩৮ । „ —প্রান্তিক (কাব্য)
„ । „ —চণ্ডালিকা (নৃত্যনাট্য)
„ । ১৩৪৫—পথে ও পথের প্রান্তে (পত্রাবলী)
„ । „ —সেঁজুতি (কাব্য)
„ । „ —বাংলাভাষা পরিচয় (প্রবন্ধাবলী)
১৯৩৯ । „ —প্রহাসিনী (কাব্য)
„ । ১৩৪৬—আকাশ প্রদীপ (কাব্য)

১৯৩৯ । ১৩৪৬—শ্যামা (নৃত্যনাট্য)। পরিশোধ কবিতার বিষয়বস্তু হইতে। সুশীলকুমার ভঞ্জ চৌধুরীকৃত স্বরলিপি সংবলিত।

,, । ,, —পথের সঞ্চয় (প্রবন্ধ ও পত্র)। ১৯১২ খৃঃ য়ুরোপ ও আমেরিকা হইতে লিখিত পত্রাবলী।

১৯৪০ । ১৩৪৭—নবজাতক (কাব্য)

,, । ,, —সানাই (কাব্য)

,, । ,, —ছেলেবেলা (শৈশব স্মৃতি)

,, । ,, —চিত্রলিপি ১। কবি-কর্তৃক অঙ্কিত চিত্রাবলীর অ্যালবাম। চিত্র সম্বন্ধীয় কয়েকটি কবিতা ও তার ইংরাজী অনুবাদ সহ।

,, । ,, —তিনসঙ্গী (তিনটি গল্প)

,, । ,, —রোগশয্যায় (গদ্যকাব্য)

১৯৪১ । ,, —আরোগ্য (গদ্যকাব্য)

,, । ১৩৪৮—জন্মদিনে (কাব্য)

,, । ,, —সভ্যতার সংকট (সর্বশেষ জন্মদিনের ভাষণ)। পরে কালান্তর গ্রন্থভুক্ত।

,, । ,, —গল্পসল্প (গল্প ও কবিতা)

,, । ,, —আশ্রমের রূপ ও বিকাশ (প্রবন্ধ)। বিশ্বভারতী বুলেটিন নং ২৯। পরিবর্ধিত সংস্করণ (১৩৫৮ পৌষ)।

১৯৪১ আগস্ট ৭ কবির তিরোধানের পরে প্রকাশিত গ্রন্থাদি :—

১৯৪১ । ১৩৪৮—ছড়া (কবিতা)

,, । ,, —শেষলেখা (কবিতা)

,, । ,, —স্মৃতি। পত্রাবলী। মনোরঞ্জন বন্দ্যোপাধ্যায়কে লেখা।

১৯৪২ । ১৩৪৯—চিঠিপত্র ১ (পত্রাবলী)—কবিপত্নী মৃণালিনী দেবীকে লেখা।

,, । ,, — ,, ২ (,,)—কবিপুত্র রথীন্দ্রনাথকে লেখা।

১৯৪২। ১৩৪৯— ,, ৩(,,)—কবিপুত্রবধূ প্রতিমাদেবীকে লেখা।

১৯৪৩। ১৩৫০—আত্মপরিচয় (প্রবন্ধ)

,, । ,, —সাহিত্যের স্বরূপ (প্রবন্ধ)

,, । ,, —চিঠিপত্র ৪ (পত্রাবলী) মাধুরীলতা, মীরা, নীতীন্দ্রনাথ, নন্দিনী ও নন্দিতাকে লেখা।

১৯৪৫। ১৩৫২—স্ফুলিঙ্গ (কণাকবিতা)। রবীন্দ্রশতবর্ষপূর্তি (১৩৬৭ চৈত্র) সংস্করণে ৬২টি নূতন কবিতা যুক্ত হইয়াছে।

,, । ,, —চিঠিপত্র—৫ (পত্রাবলী) সত্যেন্দ্রনাথ ঠাকুর, জ্ঞানদানন্দিনী দেবী, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, ইন্দিরা দেবী ও প্রমথ চৌধুরীকে লেখা।

১৯৪৮। ১৩৫৫—মহাত্মা গান্ধী (একটি কবিতা, প্রবন্ধাবলী ও অভিভাষণাদি)।

,, । ,, —মুক্তির উপায় (নাটিকা)। মুক্তির উপায় গল্পের নাট্যরূপ।

১৯৫১। ১৩৫৮—বিশ্বভারতী (প্রবন্ধ)।

,, । ,, —শান্তিনিকেতন-ব্রহ্মচর্যাশ্রম (উপদেশ ও কার্যাবলী)।

,, । ,, —বৈকালী (গান ও কবিতা)। কবির হস্তাক্ষরে মুদ্রিত। লেখন-এর অনুরূপ। ১৯২৬ সালে মুদ্রিত ও প্রথম প্রকাশিত।

,, । ,, —**Chitralipi** 2 (রবীন্দ্রনাথ কর্তৃক অঙ্কিত চিত্রের দ্বিতীয় অ্যালবাম)

১৯৫৪। ১৩৬০—সমবায়নীতি (প্রবন্ধাবলী)। বিশ্ববিদ্যাসংগ্রহ-গ্রন্থমালার শততম গ্রন্থ।

,, । ১৩৬১—চিত্রবিচিত্র (কবিতা)। পূর্বে অপ্রকাশিত ও প্রকাশিত শিশুরঞ্জন কবিতার সংকলন।

১৯৫৫। ১৩৬২—ইতিহাস (প্রবন্ধ)

১৯৫৬। ১৩৬৩—বুদ্ধদেব (প্রবন্ধ ও কবিতা)

১৯৫৭। ১৩৬৪—চিঠিপত্র-৬ (পত্রাবলী)। বিজ্ঞানাচার্য জগদীশচন্দ্র বসু ও তাঁর পত্নীকে লেখা পত্রাদির সংকলন।

১৯৫৯। ১৩৬৬—খৃষ্ট (প্রবন্ধ ও প্রশস্তিমূলক কবিতা)।

১৯৬০। ১৩৬৭—চিঠিপত্র—৭ (পত্রাবলী) কাদম্বিনী দত্ত ও নির্ঝরিণী সরকারকে লিখিত পত্র।

„ । „ —ছিন্নপত্রাবলী (পত্রাবলী)। ছিন্নপত্র গ্রন্থের পরিবর্ধিতরূপ। রবীন্দ্রশতবর্ষপূর্তি উপলক্ষে ১০৭ খানি নূতন পত্র ইহাতে যুক্ত হইয়াছে।

১৯৬১। ১৩৬৮—ব্যক্তিত্ব। ইংরেজি Personality (১৯১৭) গ্রন্থের প্রবন্ধাবলী শ্রীসৌম্যেন্দ্রনাথ ঠাকুর কর্তৃক অনূদিত।

১৯৬২। „ —পল্লীপ্রকৃতি। শ্রীনিকেতন বিষয়ক প্রবন্ধ, ভাষণ ও পত্রাদির সংকলন।

„ । ১৩৬৯—গল্পগুচ্ছ—৪র্থ খণ্ড। সংকলন ও গ্রন্থপরিচয়: পুলিনবিহারী সেন। সম্পাদনা: কানাই সামন্ত। তিনসঙ্গী গ্রন্থের গল্পগুলি ইহার অন্তর্ভুক্ত হইয়াছে। বদনাম, প্রগতি সংহার, শেষ-পুরস্কার, মুসলমানীর গল্প, ভিখারিনী ও করুণা—এই প্রথম গল্পগুচ্ছের অন্তর্গত হইল।

„ । „ —বীরপুরুষ। (দীর্ঘ কবিতা)। শিশু (১৯০৯) কাব্য হইতে স্বতন্ত্র নূতন পুস্তকাকারে সচিত্র প্রকাশ।

„ । „ —শিশুতীর্থ। ইংরেজি দীর্ঘ কবিতা The Child-এর বঙ্গানুবাদ। মূলগ্রন্থের ইংরেজি পাঠসহ।

১৯৬৩। ১৩৭০—চিঠিপত্র—৮ (পত্রাবলী)। প্রিয়নাথ সেনকে লিখিত।

„ । „ —পারস্যযাত্রী (ভ্রমণকাহিনী)

১৯৬৪। ১৩৭১—চিঠিপত্র—৯ (পত্রাবলী)। হেমন্তবালা দেবী, তাঁর পুত্র, কন্যা, জামাতা, ভ্রাতা ও দৌহিত্রকে লেখা।

১৯৬৫। ১৩৭২—রূপান্তর। ভারতের বিভিন্ন ভাষা হইতে রবীন্দ্রনাথকর্তৃক অনূদিত বা রূপান্তরিত কবিতা, গান, মন্ত্র প্রভৃতির প্রকাশ।

„ । „ —রবীন্দ্রজিজ্ঞাসা (গবেষণামূলক বার্ষিকী) প্রথম খণ্ড। রবীন্দ্রনাথের অল্প বয়সের বিবিধ রচনা সংবলিত একটি পাণ্ডুলিপি (মালতী পুঁথি) ইহাতে মুদ্রিত হইয়াছে। অন্যান্য লেখকগণের প্রবন্ধাদিও ইহার অন্তর্গত হইয়াছে। সম্পাদক: ডঃ বিজনবিহারী ভট্টাচার্য।

পরিশিষ্ট—১

(খ) রবীন্দ্রনাথের কাব্য, নাট্য গান, গল্প, প্রবন্ধ ও পত্রাদির ভিন্ন ভিন্ন সংগ্রহ পুস্তক

১। **রবিচ্ছায়া**। ১৮৮৫ (১২৯২)। রবীন্দ্রসঙ্গীতের প্রথম সংগ্রহ পুস্তক। যোগেন্দ্রনারায়ণ মিত্র কর্তৃক প্রকাশিত। প্রকাশকের বক্তব্যে বলা হইয়াছে, "১২৯১ সনের শেষ দিন পর্যন্ত রবীন্দ্রবাবু যতগুলি সঙ্গীত রচনা করিয়াছেন, প্রায় সেগুলি সমস্তই এই পুস্তকে দেওয়া গেল।"

রচয়িতার নিবেদন-অংশে রবীন্দ্রনাথ স্বয়ং লিখিয়াছেন, "ভানুসিংহের সমস্ত গান এই গ্রন্থে নিবিষ্ট হইল না। কারণ সেগুলি পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। কেবল তাহা হইতে গুটিকয়েক গান উদ্ধৃত হইল।"

উক্ত সংগ্রহে গানগুলি তিনভাগে মুদ্রিত হইয়াছে (১) বিবিধ সঙ্গীত, (২) ব্রহ্মসঙ্গীত, (৩) জাতীয় সঙ্গীত। পরিশিষ্ট অংশেও কয়েকটি গান যুক্ত হইয়াছে।

১৭১ পৃষ্ঠার এই সংকলনগ্রন্থে মোট গানের সংখ্যা (১১৬+৭৪+৭+৪) ২০১

২। **গানের বহি ও বাল্মীকি প্রতিভা**। ১৮৯৩ (১৩০০ বৈশাখ)।

এই সংকলনের বিজ্ঞাপনে রবীন্দ্রনাথ লিখিয়াছেন, "রবিচ্ছায়া ··· গ্রন্থ নিঃশেষ হইয়া গিয়াছে এবং ইতিমধ্যে অনেকগুলি গান নূতন রচিত হইয়াছে। এই কারণে নূতন পুরাতন সমস্ত গান লইয়া বর্তমান গ্রন্থখানি প্রকাশ করিলাম।"

উক্ত গ্রন্থের তিনটি ভাগ :—(১) গানের বহি (২) বাল্মীকি প্রতিভা (গীতিনাট্য), (৩) ব্রহ্মসঙ্গীত। তিনভাগে মোট গানের সংখ্যা ৩৫২।

৩। **কাব্যগ্রন্থাবলী**। ১৮৯৬ (১৩০৩) আশ্বিন। সত্যপ্রসাদ গঙ্গোপাধ্যায় সম্পাদিত। ইহাকে রবীন্দ্রনাথের সর্বপ্রথম কাব্য-নাটকাদির সমাহরণ বলা যায়। ইহা তিন-আকারে প্রকাশিত হইয়াছিল :—সুলভ সংস্করণ, মধ্যম সংস্করণ, উৎকৃষ্ট সংস্করণ। ইহার সংক্ষিপ্ত সূচী :—

কৈশোরক, ভানুসিংহ ঠাকুরের পদাবলী, বাল্মীকিপ্রতিভা, সন্ধ্যাসংগীত, প্রভাত সংগীত, ছবি ও গান, প্রকৃতির প্রতিশোধ, কড়ি ও কোমল, মায়ার খেলা, মানসী, রাজা ও রাণী, বিসর্জন, চিত্রাঙ্গদা, সোনারতরী, বিদায় অভিশাপ, চিত্রা, মালিনী, চৈতালি, গান, অনুবাদিত কবিতা।

'কৈশোরক'-অংশে সংকলিত কবিতাগুলি কবির ১৫ হইতে ১৮ বৎসর বয়সের মধ্যে রচিত ভগ্নহৃদয়, রুদ্রচণ্ড ও শৈশব সঙ্গীত হইতে গৃহীত ; কোনো কোনো কবিতার অংশ বর্জিত এবং শিরোনাম পরিবর্তিত হইয়াছে। এই কাব্যগ্রন্থাবলীতেই কবির 'মালিনী' (পৃ. ৩৯১-৪০৬) ও 'চৈতালি' (পৃ. ৪০৭-৪২৮) গ্রন্থদ্বয় সর্বপ্রথম প্রকাশিত হয়।

৪। **কাব্যগ্রন্থ**। ১৯০৩-০৪ (১৩১০)। মোহিতচন্দ্র সেন-সম্পাদিত। মোট ৯ ভাগে প্রকাশিত। নব নব শিরোনামে রচনার ভাবানুসারে রচনাগুলি বিন্যস্ত। ভূমিকায় সম্পাদক লিখিয়াছেন, "শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থাবলীর দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল।" সুতরাং আলোচ্য কাব্যগ্রন্থ সত্যপ্রসাদ গঙ্গোপাধ্যায় সম্পাদিত "কাব্যগ্রন্থাবলীর"ই দ্বিতীয় সংস্করণ।

বিষয়সূচী :—

প্রথম ভাগে—(ক) যাত্রা, হৃদয়-অরণ্য, নিষ্ক্রমণ, বিশ্ব।
(খ) সোনার তরী, লোকালয়।
দ্বিতীয় ভাগে—(ক) নারী, কল্পনা, লীলা, কৌতুক।
(খ) যৌবনস্বপ্ন, প্রেম।
তৃতীয় ভাগে—কবি কথা, প্রকৃতিগাথা, হতভাগ্য।
চতুর্থ ভাগে—সংকল্প, স্বদেশ।
পঞ্চম ভাগে—রূপক, কাহিনী, কথা, কণিকা।
ষষ্ঠ ভাগে—মরণ, নৈবেদ্য, জীবনদেবতা, স্মরণ।
সপ্তম ভাগে—শিশু।
অষ্টম ভাগে—গান।
নবম ভাগে—(ক) নাটক :—সতী, নরকবাস, গান্ধারীর আবেদন, কর্ণকুন্তী সংবাদ, বিদায়-অভিশাপ, চিত্রাঙ্গদা, লক্ষ্মীর পরীক্ষা।
(খ) নাটক :—প্রকৃতির প্রতিশোধ, বিসর্জন, মালিনী।
(গ) নাটক :—রাজা ও রাণী।

৫। **গদ্যগ্রন্থাবলী**। ১৯০৭-০৮ (১৩১৫)। সুহাসচন্দ্র মজুমদার কর্তৃক প্রকাশিত। কবির বিভিন্ন বয়সের বহু গদ্যরচনা মোট ১৬টি ভাগে মুদ্রিত হইয়াছে। ইহাতে অধিকাংশই প্রবন্ধ। কেবল ৬ষ্ঠ ও ৭ম ভাগে হাস্যকৌতুক ও ব্যঙ্গকৌতুক, ৮ম ভাগে একটি উপন্যাস প্রজাপতির নির্বন্ধ এবং ৯ম ভাগে দুটি প্রহসন গোড়ায় গলদ ও বৈকুণ্ঠের খাতা সংকলিত হইয়াছে।

বিষয়সূচী :—

প্রথমভাগে—বিচিত্র প্রবন্ধ। ইহাতে অন্যান্য প্রবন্ধের সহিত য়ুরোপ-যাত্রীর ডায়ারি (পৃ. ৯৬-১৩৫), ও পঞ্চভূতের ডায়ারি (পৃ. ১৩৬-২৬৮) মুদ্রিত হইয়াছে।

দ্বিতীয় ভাগে—প্রাচীন সাহিত্য।

তৃতীয় ভাগে—লোকসাহিত্য।

চতুর্থ ভাগে—সাহিত্য।

পঞ্চম ভাগে—আধুনিক সাহিত্য।

ষষ্ঠ ভাগে—হাস্যকৌতুক।

সপ্তম ভাগে—ব্যঙ্গ কৌতুক।

অষ্টম ভাগে—প্রজাপতির নির্বন্ধ।

নবম ভাগে—প্রহসন :—গোড়ায় গলদ, বৈকুণ্ঠের খাতা।

দশম ভাগে—রাজাপ্রজা।

একাদশ ভাগে—সমূহ।

দ্বাদশ ভাগে—স্বদেশ।

ত্রয়োদশ ভাগে—সমাজ।

চতুর্দশ ভাগে—শিক্ষা।

পঞ্চদশ ভাগে—শব্দ তত্ত্ব।

ষোড়শ ভাগে—ধর্ম।

৬। **গান।** ১৯০৮ (১৩১৫)। যোগীন্দ্রনাথ সরকার-প্রকাশিত রবীন্দ্র সংগীত সংগ্রহ। পৃ. ১৬+৪০০। এই সংকলনে ৬টি ভাগ :—

(১) বিবিধ সঙ্গীত, (২) মায়ার খেলা, (৩) বাল্মীকিপ্রতিভা, (৪) জাতীয় সঙ্গীত (৫) বাউল, (৬) ব্রহ্মসঙ্গীত।

৭। **গান।** ১৯০৯ (১৩১৫)। এলাহাবাদের ইণ্ডিয়ান প্রেস-প্রকাশিত পৃ. ৪১২+১৪। মোট গানের সংখ্য ৭৪২

এই সংকলনেরও ৬টি ভাগ :—

(১) বাল্মীকি প্রতিভা, (২) মায়ার খেলা, (৩) বিবিধসঙ্গীত (৪) জাতীয় সঙ্গীত (৫) ব্রহ্মসঙ্গীত, (৬) অনুষ্ঠান সঙ্গীত। পাঁচ বৎসর পর ১৯১৪

খৃষ্টাব্দে এই সংকলনটি দুইভাগে বিভক্ত হইয়া প্রায় একই সময়ে **গান** ও **ধর্ম সঙ্গীত** নামে পৃথক পৃথক পুস্তকরূপে প্রকাশিত হয়।

৮। **কাব্যগ্রন্থ**। ১৯১৫-১৬ (১৩২১)। এলাহাবাদের ইণ্ডিয়ান প্রেসকর্তৃক প্রকাশিত। ইহা দুই রকমে মুদ্রিত হইয়াছিল—১. ইণ্ডিয়া পেপারে জাপানী বাঁধাই; মোট ৫টি খণ্ডে শোভন সংস্করণ। ২. অ্যানটিক কাগজে কাপড়ে বাঁধাই; মোট ১০টি খণ্ডে। ইহার ভূমিকায় কবি লিখিয়াছেন,

"সন্ধ্যা-সঙ্গীতের পূর্ববর্তী আমার সমস্ত কবিতা আমার কাব্যগ্রন্থাবলী হইতে বাদ দিয়াছি।...অতএব সন্ধ্যাসঙ্গীতকে দিয়া কাব্যগ্রন্থাবলী আরম্ভ করা গেল।"

বিষয়সূচী :—

প্রথম খণ্ড—(১৯১৫ খৃঃ) সন্ধ্যাসঙ্গীত, প্রভাতসঙ্গীত, ছবি ও গান, প্রকৃতির প্রতিশোধ, ভানুসিংহ ঠাকুরের পদাবলী।

দ্বিতীয় খণ্ড—কড়ি ও কোমল, মানসী।

তৃতীয় খণ্ড—সোনার তরী, চিত্রা।

চতুর্থ খণ্ড—চৈতালি, কল্পনা, ক্ষণিকা, কণিকা।

পঞ্চম খণ্ড—চিত্রাঙ্গদা, মালিনী, বিদায়-অভিশাপ, নাট্য-কবিতা, (গান্ধারীর আবেদন, সতী, নরক-বাস, কর্ণকুন্তীসংবাদ ও লক্ষ্মীর পরীক্ষা), কথা ও কাহিনী।

ষষ্ঠ খণ্ড—রাজা ও রাণী. বিসর্জন।

সপ্তম খণ্ড—(১৯১৬ খৃঃ) নৈবেদ্য, খেয়া, স্মরণ, উৎসর্গ।

অষ্টম খণ্ড—শিশু, শারদোৎসব, ডাকঘর, গীতাঞ্জলি।

নবম খণ্ড—রাজা, অচলায়তন, গীতি-মাল্য, গীতালি, ফাল্গুনী, বলাকা।

দশম খণ্ড—গান, (বাল্মীকি-প্রতিভা, মায়ার খেলা, বিবিধসঙ্গীত, জাতীয় সঙ্গীত, ধর্ম সঙ্গীত)।

৯। গীতিচর্চা। ১৯২৫ (১৩৩২ পৌষ)। পৃঃ ১৬০। দিনেন্দ্রনাথ ঠাকুর কর্তৃক সম্পাদিত।

"পূজনীয় রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের বিভিন্ন সময়ের রচিত গান হইতে সংগ্রহ করিয়া বিশেষভাবে আশ্রমবাসী ছাত্র ও ছাত্রীদের জন্য প্রকাশ করা হইল।·· ···পূজনীয় মহর্ষিদেবের ও পূজনীয় দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের দুইটি গান, তিনটি বেদগানও এই স্থানে সন্নিবেশিত করা হইল।"

১০। গীতবিতান। ১ম ও ২য় খণ্ড। ১৯৩১ (১৩৩৮ আশ্বিন)। পৃঃ ১-৬৭০। বিশ্বভারতী প্রকাশিত রবীন্দ্রসঙ্গীতের একত্র সংগ্রহ। এই দুই খণ্ডে গানের সংখ্যা ১১২৮।

১১। গীতবিতান, ৩য় খণ্ড। ১৯৩২ (১৩৩৯ শ্রাবণ)। পৃঃ (প্রথম ও দ্বিতীয় খণ্ডের অনুবৃত্তি) ৬৭১-৮৬৫। এই খণ্ডে গানের সংখ্যা ৩৫৭।

উক্ত তিন খণ্ডে সংকলিত মোট গানের সংখ্যা ১৪৮৫।

১৩৪৮ সালের মাঘ মাসে বিশ্বভারতী গীতিবিতানের একটি নূতন দ্বিতীয় সংস্করণ দুই খণ্ডে প্রকাশ করেন। ইহার জন্য রবীন্দ্রনাথ স্বয়ং নিম্নলিখিত বিষয়ানুক্রমে গানগুলি সাজাইয়া দিয়াছিলেন :—

১ম খণ্ডে পূজা, স্বদেশ, ২য় খণ্ডে প্রেম, প্রকৃতি, বিচিত্র ও আনুষ্ঠানিক। (দ্র: গীতবিতান—তিন খণ্ড একত্র প্রচার)

১২। পত্রধারা ১ম—৩য় খণ্ড। ১৯৩৮ (১৩৪৫)। বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত। ইহাতে পূর্ব প্রকাশিত ছিন্নপত্র (১৯১২), ভানুসিংহের পত্রাবলী (১৯৩০), এবং পথে ও পথের প্রান্তে (১৯৩৮) কবি লিখিত স্বতন্ত্র ভূমিকা সহ একত্র সংকলিত হইয়াছে।

১৩। গল্পগুচ্ছ—১ম, ২য়, ৩য় খণ্ড একত্র প্রচার। ১৯৫৮ (১৩৬৫) বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত। ইহাতে রবীন্দ্রনাথের সর্বাধিক সংখ্যক গল্প সমাহৃত হইয়াছে। গল্পগুচ্ছ মজুমদার এজেন্সি কর্তৃক প্রথম প্রকাশিত হয় (১৯০০—০১ খৃঃ) দুই খণ্ডে। অতঃপর (১৯০৮—০৯ খৃঃ) বর্দ্ধিত কলেবরে

ইণ্ডিয়ান প্রেস কর্তৃক প্রকাশিত হয় পাঁচ খণ্ডে। তারপর (১৯২৬ খৃঃ) বিশ্বভারতী সংস্করণ গল্পগুচ্ছ তিনখণ্ডে প্রকাশিত হয়। উক্ত তিনখণ্ডের একত্র প্রচার হয় ১৯৫৮ খৃঃ মার্চ মাসে। পূর্বোক্ত তিনখণ্ডের সকল গল্পই ইহাতে সংকলিত হইয়াছে। ইহাতে মোট গল্প সংখ্যা ৮৪। অতঃপর ১৯৬২ (১৩৬৯ আশ্বিন) গল্পগুচ্ছ ৪র্থ খণ্ড প্রকাশিত হয়। ইহাতে 'তিনসঙ্গী' শীর্ষক গল্পগ্রন্থের ৩টি গল্প ও একটি গল্পের পাঠান্তর এবং বদনাম, প্রগতিসংহার, শেষপুরস্কার, মুসলমানীর গল্প সর্বপ্রথম গ্রন্থভুক্ত হয়।

পরিশিষ্ট অংশে ভিখারিনী, করুণা ও মুকুট—এই তিনটি গল্প মুদ্রিত হইয়াছে। গল্পগুচ্ছ ৪র্থ খণ্ড সহ এ-পর্যন্ত প্রকাশিত মোট গল্প সংখ্যা ৯৪।

১৮৯৪ খৃঃ হইতে ১৯২০ খৃঃ পর্যন্ত রবীন্দ্রনাথ-রচিত যে-সকল গল্প ছোটগল্প, বিচিত্রগল্প, কথা চতুষ্টয় (১৮৯৪), গল্পদশক (১৮৯৫), গল্পগুচ্ছ ১ম খণ্ড (১৯০০), গল্প (১৯০১), কর্মফল (১৯০৩), আটটি গল্প (১৯১১), গল্প চারিটি (১৯১২), গল্প সপ্তক (১৯১৬), পয়লানম্বর (১৯২৯) ইত্যাদি শিরোনামে প্রকাশিত হইয়াছিল—সে সমস্তই বর্তমানে প্রচলিত বিশ্বভারতী সংস্করণ ৪খণ্ড গল্পগুচ্ছের অন্তর্ভুক্ত হইয়াছে।

১৪। **গীতবিতান। অখণ্ড সূচীসহ একত্র প্রকাশ।** ১৯৬০ (১৩৬৭)। বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত। ইহাতে রবীন্দ্রনাথের সর্বাধিক সংখ্যক গান সমাহৃত হইয়াছে। কবির গীতিনাট্য ও নৃত্যনাট্যগুলিও ইহার অন্তর্ভুক্ত।

গীতবিতান প্রথম প্রকাশিত হয় ১৯৩১ খৃঃ দুইখণ্ডে। একবছর পরে তৃতীয়খণ্ড প্রকাশিত হয়। কবি কর্তৃক বিষয়ানুক্রমে বিন্যস্ত পরিবর্তিত ও পরিবর্ধিত সংস্করণ দুইখণ্ড প্রকাশের তারিখ ১৯৪২ (১৩৪৮)। নূতন ভাবে পুনরায় তিনখণ্ডে সম্পূর্ণ হইয়া প্রকাশিত হয় ১৯৪২-৫০ (১৩৪৮-১৩৫৭)। বর্তমান অখণ্ড সংস্করণ উক্ত তিনখণ্ডের একত্র প্রচার।

১৮৮৫ খৃঃ হইতে ১৯২৫ খৃঃ পর্যন্ত রবীন্দ্রনাথ-রচিত যে-সকল গান **'রবিচ্ছায়া'** (১৮৮৫), **গানের বহি ও বাল্মীকিপ্রতিভা** (১৮৯৩), **গান** (১৯০৮),

গান (১৯০৯), **প্রবাহিণী** (১৩৩২ অগ্রহায়ণ), **গীতিচর্চা** (১৯২৫) ইত্যাদি শিরোনামে প্রকাশিত হইয়াছিল সে সমস্তই বর্তমানে প্রচলিত গীতবিতানের অখণ্ড সূচীসহ একত্র প্রকাশিত সংস্করণে (১৩৬৭ আশ্বিন) পাওয়া যায়।

পরিশিষ্ট—১

(গ) রবীন্দ্রনাথ রচিত বা সঙ্কলিত স্কুলপাঠ্য বই

রবীন্দ্রনাথ ছাত্রদের জন্য যে-সকল বই রচনা করিয়াছেন তাহার একটি কালানুক্রমিক তালিকা প্রস্তুত করিয়া স্বতন্ত্রভাবে নিম্নে মুদ্রিত হইল।

১৮৯৬ (১৩০৩)—সংস্কৃতশিক্ষা, প্রথমভাগ ও দ্বিতীয়ভাগ। বাল্মীকি রামায়ণ-অনুবাদক শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য কর্তৃক সম্পাদিত।

১৯০৪ (১৩১১)—ইংরাজি সোপান—১ম খণ্ড

১৯০৬ (১৩১৩)— ” ” —২য় খণ্ড

১৯০৯ (১৩১৬)—ইংরাজি পাঠ (প্রথম)

” (”)—ছুটির পড়া। রবীন্দ্রনাথের নিজের রচনা এবং অন্যান্যদের রচনার ইহা একটি নির্বাচিত সংকলন বিশেষ।

” (”)—ইংরাজি শ্রুতিশিক্ষা (প্রথম ভাগ ও দ্বিতীয় ভাগ)

১৯১২ (১৩১৯)—পাঠ সঞ্চয়। বিবিধ প্রকার রচনা সংকলন।

১৯১৫ (১৩২২)—বিচিত্র পাঠ। ইহাতে রবীন্দ্রনাথের নিজের রচনা এবং অন্যান্যদের রচনা সংকলিত হইয়াছে।

১৯১৭ (১৩২৪)—অনুবাদ চর্চা। ইংরাজিতে অনুবাদ অভ্যাস করবার জন্য বাংলা ভাষার বিভিন্ন রচনার অনুচ্ছেদ-সংকলন। ইহার পরিপূরক বই Selected Passages for Bengali Translation (1917) মূল ইংরেজি অনুচ্ছেদ-সংকলন।

১৯২৯ (১৩৩৬)—ইংরেজি সহজশিক্ষা—প্রথম ভাগ
„ („)— „ „ —দ্বিতীয় ভাগ
১৯৩০ („)—পাঠপ্রচয়—দ্বিতীয় ভাগ
„ („)— „ —তৃতীয় ভাগ
„ („)— „ —চতুর্থ ভাগ
„ (১৩৩৭)—সহজপাঠ—প্রথম ভাগ
„ („)— „ —দ্বিতীয় ভাগ
১৯৪০ (১৩৪৭)—আদর্শপ্রশ্ন (বিশ্বভারতী বুলেটিন নং ২৭)

কবির তিরোধানের পর (১৯৪৮ আগস্ট ৭) বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত :—
১৯৫৫ („)—সংকলিতা, প্রথম ভাগ
„ („)— ঐ দ্বিতীয় ভাগ
১৯৫৬ (১৩৬২)— ঐ তৃতীয় ভাগ

পরিশিষ্ট-১

(ঘ) নির্বাচিত রচনাবলী

স্বদেশ। ১৯০৫ (১৩১২)—স্বদেশী কবিতা ও গান। বইখানি সংকল্প ও স্বদেশ এই দুই ভাগে বিভক্ত। মোহিতচন্দ্র সেন-সম্পাদিত কাব্যগ্রন্থ (১৯০৩-০৪) হইতে গৃহীত। পরবর্তী সংস্করণ **'সংকল্প ও স্বদেশ'** নামেই প্রকাশিত (১৩৩৫)। বর্তমানে (১৯৬৪) ইহা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ-কর্তৃক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণীর দ্রুত পাঠ্যরূপে নির্বাচিত।

চয়নিকা। ১৯০৯ (১৩১৬)—কবিতা ও গানের সংকলন। ইণ্ডিয়ান পাবলিশিং হাউস-প্রকাশিত প্রথম সংস্করণ (পৃ. ৪৫৯)। ১৩১৬ সালের কার্তিক সংখ্যা প্রবাসীতে সমালোচিত। ১৯২৫ (১৩৩২) সালে ৩য় সংস্করণ বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত হয়। তৎকালে গান ও নাটক বাদে রবীন্দ্রনাথের প্রচলিত কবিতার সংখ্যা ছিল প্রায় ১২০০। তাহা হইতে বাছাই করিয়া ২০৮টি কবিতা চয়নিকায় সংকলিত হয়। সর্বশেষ ১৩৪৮ ফাল্গুন সংস্করণ পর্যন্ত চয়নিকা আমরা দেখিয়াছি।

সংকলন। ১৯২৫ (১৩৩২)—গল্প ও উপন্যাস বাদে অন্যান্য গদ্য রচনার সংকলন। লেখাগুলি বিষয়-অনুসারে বিভক্ত। রচনার তারিখ অনুসারে বিন্যস্ত। গদ্যগ্রন্থাবলীর বাছাই লেখার সংকলন। ১৯৬০ (১৩৬৭) আশ্বিন সংস্করণ পর্যন্ত 'সংকলন' আমরা দেখিয়াছি।

ঋতুউৎসব। ১৯২৬ (১৩৩৩)—নাট্যসংগ্রহ। বিভিন্ন ঋতুতে অভিনয়োপযোগী—শেষ বর্ষণ, শারদোৎসব, বসন্ত, সুন্দর ও ফাল্গুনী নাট্যের সংগ্রহ।

সঞ্চয়িতা। ১৯৩১ (১৩৩৮)—কবিতা, গান ও কাব্যনাট্য-সংকলন। কবি-কর্তৃক নির্বাচিত। ভূমিকায় কবি লিখিয়াছেন, "সঞ্চয়িতার কবিতাগুলি সংকলনের ভার আমি নিজে নিয়েছি।" কবির সপ্ততিতম জন্মোৎসব উপলক্ষ্যে প্রকাশিত। সর্বশেষ ১৯৫৯ (১৩৬৬) পৌষ সংস্করণ পর্যন্ত 'সঞ্চয়িতা' আমাদের দৃষ্টি-গোচর হইয়াছে।

সঞ্চয়ন। ১৯৪৭ (১৩৫৪)—সঞ্চয়ন নামে প্রকাশিত সংকলন গ্রন্থটি বস্তুতঃ 'সঞ্চয়িতারই' সংক্ষিপ্ত রূপ।

বিচিত্রা। ১৯৬১ (১৩৬৮)—সাহিত্যের সকল বিভাগের সকল রকমের রচনার বিচিত্র সংকলন এই 'বিচিত্রা'। কবির শততিতম জন্মোৎসব-উপলক্ষ্যে প্রকাশিত।

দীপিকা। ১৯৬৩ (১৩৭০)—পূর্বপ্রকাশিত 'বিচিত্রা'র পরিপূরক বিচিত্র রচনার সংকলন।

পরিশিষ্ট—১

(ঙ) রবীন্দ্রনাথ-কর্তৃক সম্পাদিত গ্রন্থের তালিকা

পদরত্নাবলী। (১২৯২ বৈশাখ)। 'মহাজন পদাবলীর মধ্যে সর্বোৎকৃষ্ট কবিতাগুলির একত্র সংগ্রহ'। শ্রীশচন্দ্র মজুমদার-সহযোগে সম্পাদিত।

সংস্কৃত প্রবেশ। প্রথম ভাগ—(১৯০৪)
দ্বিতীয় ভাগ—(১৯০৫)
তৃতীয় ভাগ—(১৯০৬)
হরিচরণ বন্দ্যোপাধ্যায় লিখিত।

শিক্ষক (অর্থাৎ 'সংস্কৃত প্রবেশ'-এর উত্তর মালা)। প্রথম ভাগ—(১৯০৪)

সংক্ষিপ্তম্ বাল্মীকীয় রামায়ণম্ (১৯১৫)। রমেশচন্দ্র ভট্টাচার্য-কৃত।

কুরুপাণ্ডব। (১৩৩৮ জ্যৈষ্ঠ)। সুরেন্দ্রনাথ ঠাকুর-কর্তৃক সংকলিত মহাভারতের মূল আখ্যানভাগের সংহত রূপ। রবীন্দ্রনাথ এই গ্রন্থের 'বিজ্ঞাপনে'-এ লিখিয়াছেন,

"শান্তিনিকেতন বিদ্যালয়ের উচ্চতর বর্গের জন্য এই গ্রন্থখানির প্রবর্তন করা হইল।"

বাংলা কাব্যপরিচয়। (১৩৪৫)। রবীন্দ্রনাথ ঠাকুর-সম্পাদিত লোকশিক্ষা গ্রন্থমালার প্রথম গ্রন্থ। প্রাচীন বাংলার আলাওল, কৃত্তিবাস, কাশীরাম দাস প্রভৃতি হইতে আরম্ভ করিয়া আধুনিককালের দিনেশ দাস, মহীউদ্দীন পর্যন্ত মোট ১২৬ জন কবির কবিতা এই সংকলনে মুদ্রিত হইয়াছে।

(চ) রবীন্দ্র সঙ্গীতের স্বরলিপি-গ্রন্থের তালিকা

প্রায়শ্চিত্ত (নাটক)—১৯০৯। ইহাতে ২৩টি গানের স্বরলিপি আছে।

গীতলিপি—১ম খণ্ড হইতে ৬ষ্ঠ খণ্ড (১৯১০-১৯১৮)। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কৃত স্বরলিপি।

স্বরলিপি গীতিমালা—১ম ভাগ। নূতন সংস্করণ ১৯১৩ (১৩২০)। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর সংকলিত ও ব্যাখ্যাত।

গীতলেখা—১ম ভাগ হইতে ৩য় ভাগ (১৯১৮-১৯২০)। দিনেন্দ্রনাথ ঠাকুর কৃত স্বরলিপি।

গীতপত্র—১ম খণ্ড হইতে ৮ম খণ্ড (১৯১৮-১৯১৯)। দিনেন্দ্রনাথ ঠাকুর কৃত স্বরলিপি।

(দুই পৃষ্ঠা করিয়া ১ম-৫ম এবং ৩ পৃষ্ঠা করিয়া ৬ষ্ঠ-৮ম খণ্ড প্রকাশিত)।

গীত পঞ্চাশিকা। (১৩২৫ আশ্বিন)। দিনেন্দ্রনাথ ঠাকুর কৃত স্বরলিপি।

বৈতালিক। (১৩২৫ চৈত্র) " " "

গীতবীথিকা। (১৩২৬ বৈশাখ) " " "

কেতকী। (১৩২৬ শ্রাবণ) " " "

শেফালী। (১৩২৬ ভাদ্র) " " "

কাব্যগীতি। (১৩২৬ পৌষ) " " "

নবগীতিকা। ১ম হইতে ২য় খণ্ড (১৩২৯) " " "

বসন্ত। (১৩৩০) " " "

মায়ার খেলা। (১৩৩২)। শ্রীইন্দিরা দেবী চৌধুরাণী কৃত স্বরলিপি।

গীতমালিকা। ১ম ও ২য় ভাগ (১৩৩৩ কার্তিক ও ১৩৩৬ পৌষ) „

সংগীত গীতাঞ্জলি। (১৯২৭)। ইহাতে ইংরেজি-বাংলা গীতাঞ্জলির গান, ব্রহ্মসঙ্গীত এবং 'বন্দেমাতরম' ও 'জনগণমন অধিনায়ক' গান দুইটি স্বরলিপিসহ দেবনাগরী অক্ষরে মুদ্রিত। সম্পাদক—পণ্ডিত ভীমরাও শাস্ত্রী।

বাল্মীকিপ্রতিভা। (১৩৩৫)। দিনেন্দ্রনাথ ঠাকুর কৃত স্বরলিপি

তপতী। (১৩৩৬ ভাদ্র)। (গ্রন্থসহ স্বরলিপি)

স্বরবিতান। ১ম হইতে ৫ম খণ্ড। (১৩৪২ ভাদ্র-১৩৪৯)। দিনেন্দ্রনাথ ঠাকুর, রমাকর, অনাদিকুমার দস্তিদার, শৈলজারঞ্জন মজুমদার কৃত স্বরলিপি।

নৃত্যনাট্য চিত্রাঙ্গদা (১৩৪৩)। স্বরলিপি : শৈলজারঞ্জন মজুমদার

নৃত্যনাট্য চণ্ডালিকা (১৩৪৫)। „ : „

শ্যামা নৃত্যনাট্য (১৩৪৬)। „ : সুশীলকুমার ভঞ্জ চৌধুরী

উল্লিখিত স্বরলিপি গ্রন্থগুলি নূতনভাবে বিন্যাস করিয়া **'স্বরবিতান'** শিরোনামে এ পর্যন্ত (১৯৬৫) মোট ৫৯টি খণ্ডে বিশ্বভারতী প্রকাশ করিয়াছেন। স্বরবিতান সূচীপত্রের ভূমিকায় বলা হইয়াছে :—

"রবীন্দ্রসংগীত সংবলিত যে-সকল স্বরলিপি গ্রন্থ পূর্বে নামান্তরে প্রচলিত ছিল সেগুলি প্রায়শঃই স্বরবিতানের কোনো-না-কোনো খণ্ডের আকারে পুনরায় প্রচারিত হইয়াছে— পূর্বপ্রচলিত নামও অক্ষুণ্ণ আছে। পক্ষান্তরে অরূপরতন (স্বরবিতান ৪২), কালমৃগয়া (স্বরবিতান ২৯) বা ফাল্গুনী (স্বরবিতান-৭) বর্তমান গ্রন্থ পর্যায়েই প্রথম প্রকাশ লাভ করিয়াছে। এ-পর্যন্ত (১৯৬৫) প্রকাশিত স্বরবিতানের তালিকা নিম্নে দেওয়া হইল :—

বর্তমান তালিকায় কেবলমাত্র প্রচলিত সংস্করণ প্রকাশের তারিখ ও প্রতিটি খণ্ডে সংকলিত গানের মোট সংখ্যার উল্লেখ করা গেল।

স্বরবিতান ১। ১৩৬৮ জ্যৈষ্ঠ। ৫১টি গানের স্বরলিপি
" ২। ১৩৫৯ চৈত্র। ৫২ " " "
" ৩। ১৩৬৬ আষাঢ়। ৪৯ " " "
" ৪। **ব্রহ্মসঙ্গীত**—প্রথম খণ্ড। ১৩৬৮ শ্রাবণ। ৫০ " "
" ৫। **নবীন ও অন্যান্য**। ১৩৬৭ অগ্রহায়ণ। ৫০ " "
" ৬। **বসন্ত**। ১৯৫৭ আগস্ট। ২৩ " "
" ৭। **ফাল্গুনী**। ১৯৫৭ সেপ্টেম্বর। ৩০ " "
" ৮। ১৩৫৬ ভাদ্র। ৩০ " "। ৩০
" ৯। **প্রায়শ্চিত্ত**। ১৩৫৬ অগ্রহায়ণ। ২৩ " " "
" ১০। ১৩৫৭ আষাঢ়। ৩০ " " "
" ১১। **কেতকী**। ১৩৫৭ জ্যৈষ্ঠ। ৩১ " " "
" ১২। **তাসের দেশ**। ১৩৬৬ আশ্বিন। ২৭ " "
" ১৩। ১৩৫৭ আশ্বিন। ৩০ " "
" ১৪। **নবগীতিকা**—প্রথম খণ্ড। ১৩৫৭ কার্ত্তিক। ৩৪ "
" ১৫। **নবগীতিকা**—দ্বিতীয় খণ্ড। ১৩৫৮ বৈশাখ। ৫৯ "
" ১৬। **গীতপঞ্চাশিকা**। ১৯৬০ জুলাই। ৫০ " " "
" ১৭। **নৃত্যনাট্য চিত্রাঙ্গদা**। ১৩৫৮ বৈশাখ। ৪৭ " "
" ১৮। **নৃত্যনাট্য চণ্ডালিকা**। ১৩৫৭ চৈত্র। ৫১ " "
" ১৯। **নৃত্যনাট্য শ্যামা**। ১৩৫৮ শ্রাবণ। ৫২ " "
" ২০। ১৩৫৮ শ্রাবণ। ৩০ টি গানের স্বরলিপি
" ২১। **ভানুসিংহের পদাবলী**। ১৯৫৯ জানুয়ারি। ১০ " "
" ২২। **ব্রহ্মসঙ্গীত**—দ্বিতীয় খণ্ড। ১৩৫৮ ফাল্গুন। ২৫ " "
" ২৩। " —দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ খণ্ড। ১৩৫৯ আষাঢ়। ২৫
" ২৪। " —চতুর্থ ও পঞ্চমখণ্ড। ১৩৫৯ আশ্বিন। ২৫ " "
" ২৫। " —পঞ্চম ও ষষ্ঠ খণ্ড। ১৩৫৯ আশ্বিন। ২৫ " "

স্বরবিতান ২৬। " —ষষ্ঠখণ্ড। ১৩৫৯ অগ্রহায়ণ। ২৫ " "

" ২৭। " —ষষ্ঠখণ্ড ও বৈতালিক। ১৩৫৯ চৈত্র। ১৯+৬ মোট ২৫টি গানের স্বরলিপি

" ২৮। রাজা ও রাণী, বিসর্জন, ব্যঙ্গ কৌতুক। ১৩৫৯ ফাল্গুন। ৯+৬+২ মোট ১৭টি গানের স্বরলিপি

" ২৯। কালমৃগয়া। ১৩৬০ আষাঢ়। ৩৯ টি " "

" ৩০। গীতমালিকা—প্রথম খণ্ড। ১৩৬৭ সাল। ৫২ " "

" ৩১। গীতমালিকা—দ্বিতীয় খণ্ড। ১৩৬০ আশ্বিন। ৫০টি গানের স্বরলিপি

" ৩২। ১৩৬০ আশ্বিন। ৩০ " "

" ৩৩। কাব্যগীতি। ১৩৬০ ফাল্গুন। ১৯টি " "

" ৩৪। গীতিবীথিকা। ১৩৬০ চৈত্র। ২০টি " "

" ৩৫। ১৩৬১ আষাঢ়। ৩০টি " "

" ৩৬। ১৩৬১ আষাঢ়। ২৯টি " "

" ৩৭। গীতাঞ্জলির ২৯+অন্য ১। ১৩৬১ আশ্বিন। ৩০টি " "

" ৩৮। গীতাঞ্জলির গান। ১৩৬১ পৌষ। ৩০টি " "

" ৩৯। গীতিমাল্য কাব্যের গান। ১৩৬১ ফাল্গুন। ২৭টি " "

" ৪০। গীতিমাল্য কাব্যের গান। ১৩৬১ ফাল্গুন। ২৫টি " "

" ৪১। গীতিমাল্য কাব্যের গান। ১৩৬১ চৈত্র। ২৬টি " "

" ৪২। অরূপরতন (গীতালি)। ১৩৬২ আশ্বিন। ৪৫টি " "

" ৪৩। গীতালি কাব্যের গান ১। ১৩৬০ জুন। ২৫টি " "

" ৪৪। গীতালি কাব্যের গান। ১৩৬২ পৌষ। ২৭টি " "

" ৪৫। ভক্তিমূলক গান। ১৩৬৩ বৈশাখ। ৩০টি " "

" ৪৬। স্বদেশভক্তির গান। ১৩৬২ পৌষ। ২৫টি " " দ্রঃ বাউল।

" ৪৭। স্বদেশভক্তির গান। ১৩৬৩ শ্রাবণ। ২৬টি " "

স্বরবিতান ৪৮। **মায়ারখেলা**। ১৩৬৮ শ্রাবণ। ৬১টি " "
" ৪৯। **বাল্মীকি প্রতিভা**। ১৯৫৭ মার্চ। ৫১টি " "
" ৫০। **শেফালী**। ১৩৬৩ পৌষ। ২৮টি " "
" ৫১। ১৯৫৭ মার্চ। ১৯টি গানের স্বরলিপি।
" ৫২। **অচলায়তন ও মুক্তধারা** নাটকের গান।
১৯৫৭ জুন। ২৬টি
" ৫৩। প্রেম ও ঋতুসংগীত। ১৯৫৮ ফেব্রুয়ারি। ২১টি " "
" ৫৪। প্রেম ও ঋতুসংগীত। ১৯৫৮ ফেব্রুয়ারি। ১৯টি " "
" ৫৫। আনুষ্ঠানিক সংগীত। ১৯৫৮ মার্চ। ২০টি " "
" ৫৬। নাট্যসংগীত ও অন্যান্য। ১৯৫৮ অক্টোবর। ২৮টি " "
" ৫৭। **তপতী**। ১৩৬৭ চৈত্র। ১০টি গানের স্বরলিপি
" ৫৮। ১৩৬৮ বৈশাখ ২৫। ২০টি " "
" ৫৯। ১৩৭১ বৈশাখ ২৫। ২৫টি " "

পরিশিষ্ট—২

রবীন্দ্র-রচনার সামগ্রিক সংকলন

(ক) **রবীন্দ্র-গ্রন্থাবলী**। ১৯০৪ (১৩১১)। হিতবাদীর উপহার। রবীন্দ্রনাথের রচনা সামগ্রিকভাবে সংকলনের প্রচেষ্টা সম্ভবতঃ এই প্রথম। 'রবীন্দ্র-গ্রন্থাবলী'র 'বিষয়সূচী' হইতেই তাহা অনুমান করা যায়।

বিষয়সূচী :—

গল্প—সংসার চিত্র (পৃঃ ১-১৪৪) ; সমাজচিত্র (পৃঃ ১৫৫-২৫৭) ; রঙ্গচিত্র (পৃঃ ২৫৮-৩৮৭) ; বিচিত্র চিত্র (পৃঃ৩৮৮-৫০৪)।

উপন্যাস—বৌঠাকুরাণীর হাট, রাজর্ষি, নষ্টনীড়। (পৃঃ ৫০৪-৭৫৫)

নাটক—রাজা ও রাণী, বিসর্জন, গোড়ায়গলদ, চিত্রাঙ্গদা, বৈকুণ্ঠের খাতা, মায়ার খেলা। (পৃঃ ৭৫৫-৯৬৮)

গান—গানের বহি। (পৃ: ৯৬৮-১০৫২)

সমালোচনা। (পৃ: ১০৫৩-১১৩৬)

আলোচনা। (পৃ: ১১৩৭-১১৭২)

য়ুরোপপ্রবাসীর পত্র। (পৃ: ১১৭৩-১২৯০)

'রবীন্দ্র-গ্রন্থাবলী'র রঙ্গচিত্র-বিভাগে ছোটোগল্পের সঙ্গে চিরকুমারসভা-সংকলিত হইয়াছে। ইহা প্রথমে ভারতী পত্রিকায় (১৩০৭-বৈশাখ-কার্তিক, পৌষ-চৈত্র, ১৩০৮ বৈশাখ-জ্যৈষ্ঠ) প্রকাশিত হইয়াছিল। পরে প্রজাপতির নির্বন্ধ (১৯০৮) নামে গদ্যগ্রন্থাবলীতে, এবং পুনরায় চিরকুমারসভা (১৯২৬) নামে প্রকাশিত হইয়াছে।

পরিশিষ্ট—২

(খ) **রবীন্দ্র-রচনাবলী। বিশ্বভারতী প্রকাশিত ২৭ খণ্ড এবং অচলিত সংগ্রহ ২ খণ্ড। প্রথম খণ্ড হইতে সপ্তবিংশ খণ্ড এবং অচলিত সংগ্রহ প্রথম ও দ্বিতীয় খণ্ড।** ১৯৩৯ (১৩৪৬ আশ্বিন)—১৯৬৫ (১৩৭২ বৈশাখ)। রবীন্দ্রনাথের সমস্ত অচলিত ও প্রচলিত বাংলা রচনা একটি সুপরিকল্পিত পদ্ধতিতে খণ্ডে খণ্ডে প্রকাশের ব্যবস্থা প্রথম করেন বিশ্বভারতী। প্রথম খণ্ড হইতে সপ্তমখণ্ড পর্যন্ত রবীন্দ্ররচনাবলীর প্রকাশ রবীন্দ্রনাথ স্বচক্ষে দেখিয়া গিয়াছেন। অষ্টমখণ্ড হইতে সপ্তবিংশখণ্ড পর্যন্ত রচনাবলী রবীন্দ্রনাথের তিরোধানের পর প্রকাশিত হইয়াছে।

গ্রন্থপ্রকাশের কালানুক্রম অনুসারে যে-সকল রচনা মোট ২৭ খণ্ড রচনাবলীতে সংকলিত হইয়াছে তাহাতে প্রতিটি খণ্ডে বিষয়ানুসারে চারিটি ভাগ রহিয়াছে—(১) কবিতা ও গান, (২) নাটক ও প্রহসন (৩) উপন্যাস ও গল্প, (৪) প্রবন্ধ। ইহা ছাড়া প্রতিখণ্ডের শেষে 'গ্রন্থ পরিচয়' ও বর্ণানুক্রমিক সূচী দেওয়া হইয়াছে।

রবীন্দ্র-রচনাবলীর অচলিত সংগ্রহ দুই খণ্ডে সংকলিত রচনায় অনুরূপ বিষয়ভাগ সর্বত্র অনুঃসৃত হয় নাই।

বিষয়সূচী ঃ—

প্রথম খণ্ড—রবীন্দ্রনাথ লিখিত 'ভূমিকা' ও 'অবতরণিকা' ॥ সন্ধ্যাসংগীত, প্রভাতসংগীত, ছবি ও গান ॥ প্রকৃতির প্রতিশোধ, বাল্মীকি প্রতিভা, মায়ার খেলা, রাজা ও রাণী ॥ বউঠাকুরাণীর হাট ॥ য়ুরোপপ্রবাসীর পত্র, য়ুরোপ-যাত্রীর ডায়ারি ॥
(১৩৪৬ আশ্বিন)

দ্বিতীয় খণ্ড—ভানুসিংহঠাকুরের পদাবলী, কড়ি ও কোমল, মানসী ॥ বিসর্জন ॥ রাজর্ষি ॥ চিঠিপত্র, পঞ্চভূত ॥
(১৩৪৬ পৌষ)

তৃতীয় খণ্ড—সোনারতরী ॥ চিত্রাঙ্গদা, গোড়ায় গলদ ॥ চোখের বালি ॥ আত্মশক্তি ॥
(১৩৪৭ বৈশাখ ২৫)

চতুর্থ খণ্ড—নদী, চিত্রা ॥ বিদায় অভিশাপ, মালিনী, বৈকুণ্ঠের খাতা ॥ প্রজাপতির নির্বন্ধ ॥ ভারতবর্ষ, চারিত্রপূজা ॥
(১৩৪৭ শ্রাবণ)

অচলিত সংগ্রহ, ১ম খণ্ড—কবিকাহিনী, বনফুল, ভগ্নহৃদয় ॥ রুদ্রচণ্ড, কাল-মৃগয়া ॥ বিবিধ প্রসঙ্গ ॥ নলিনী ॥ শৈশবসঙ্গীত ॥ বাল্মীকিপ্রতিভা ॥
(১৩৪৭ আশ্বিন)

পঞ্চম খণ্ড—চৈতালি ॥ কাহিনী (গান্ধারীর আবেদন, পতিতা, ভাষা ও
(১৩৪৭ অগ্রহায়ণ) ছন্দ, সতী, লক্ষ্মীর পরীক্ষা, কর্ণকুন্তীসংবাদ) ॥
নৌকাডুবি ॥ বিচিত্রপ্রবন্ধ, প্রাচীন সাহিত্য ॥

ষষ্ঠ খণ্ড—কণিকা ॥ হাস্যকৌতুক ॥ গোরা ॥ লোক-সাহিত্য ॥
(১৩৪৭ ফাল্গুন)

সপ্তম খণ্ড—কথা, কাহিনী, কল্পনা, ক্ষণিকা ॥ ব্যঙ্গকৌতুক (প্রহসন),
(১৩৪৮ আষাঢ়) শারদোৎসব ॥ চতুরঙ্গ ॥ ব্যঙ্গকৌতুক (প্রবন্ধ) ॥

অষ্টম খণ্ড—নৈবেদ্য, স্মরণ ॥ মুকুট ॥ ঘরে-বাইরে ॥ সাহিত্য ॥
(১৩৪৮ ভাদ্র)

অচলিত সংগ্রহ, ২য় খণ্ড— আলোচনা, সমালোচনা, মন্ত্রি-অভিষেক, ব্রহ্মমন্ত্র,
(১৩৪৮ অগ্রহায়ণ) ঔপনিষদ ব্রহ্ম ॥ ইংরেজি সহজশিক্ষা (১ম, ২য় ভাগ), অনুবাদচর্চা, সহজপাঠ (১ম, ২য় ভাগ), ইংরেজি পাঠ (প্রথম), আদর্শ প্রশ্ন।

নবম খণ্ড—শিশু ॥ প্রায়শ্চিত্ত ॥ যোগাযোগ ॥ আধুনিক সাহিত্য ॥
(১৩৪৮ পৌষ ৭)

দশম খণ্ড—উৎসর্গ, খেয়া ॥ রাজা ॥ শেষের কবিতা ॥ রাজাপ্রজা, সমূহ ॥
(১৩৪৮ চৈত্র)

একাদশ খণ্ড—গীতাঞ্জলি, গীতিমাল্য, গীতালি ॥ অচলায়তন, ডাকঘর ॥
(১৩৪৯ আষাঢ়) দুইবোন ॥ স্বদেশ ॥

দ্বাদশ খণ্ড—বলাকা ॥ ফাল্গুনী ॥ মালঞ্চ ॥ সমাজ, শিক্ষা, শব্দতত্ত্ব (পরিশিষ্ট-
(১৩৪৯ আশ্বিন) সহ) ॥

ত্রয়োদশ খণ্ড—পলাতকা, শিশুভোলানাথ ॥ গুরু, অরূপরতন, ঋণশোধ ॥
(১৩৪৯ কার্তিক) চার অধ্যায় ॥ ধর্ম, শান্তিনিকেতন ১-৩ ॥

চতুর্দশ খণ্ড—পূরবী, লেখন ॥ মুক্তধারা ॥ গল্পগুচ্ছ ॥ শান্তিনিকেতন ৪-১০ ॥
(১৩৪৯ চৈত্র)

পঞ্চদশ খণ্ড—মহুয়া, বনবাণী. পরিশেষ ॥ বসন্ত, রক্তকরবী ॥ গল্পগুচ্ছ ॥
(১৩৪৯ চৈত্র) শান্তিনিকেতন ১১-১২ ॥

ষোড়শ খণ্ড—পুনশ্চ ॥ চিরকুমারসভা ॥ গল্পগুচ্ছ ॥ শান্তিনিকেতন ১৩-১৭ ॥
(১৩৫০ শ্রাবণ ২২)

সপ্তদশ খণ্ড—বিচিত্রিতা ॥ শোধবোধ, গৃহপ্রবেশ ॥ গল্পগুচ্ছ ॥ জীবন-স্মৃতি ॥
(১৩৫০ ফাল্গুন ১)

অষ্টাদশ খণ্ড—শেষসপ্তক (সংযোজনসহ) ॥ শেষবর্ষণ, নটীরপূজা. নটরাজ ॥
(১৩৫১ শ্রাবণ) গল্পগুচ্ছ ॥ সঞ্চয়, পরিচয়, কর্তার ইচ্ছায় কর্ম ॥

ঊনবিংশ খণ্ড—বীথিকা ॥ শেষরক্ষা ॥ গল্পগুচ্ছ ॥ জাপান-যাত্রী, যাত্রী
(১৩৫২ বৈশাখ ২৫) (পশ্চিমযাত্রীর ডায়ারি, জাভাযাত্রীরপত্র) ॥

বিংশ খণ্ড—পত্রপুট, শ্যামলী ॥ পরিত্রাণ ॥ গল্পগুচ্ছ ॥ রাশিয়ার চিঠি,
(১৩৫২ পৌষ ৭) মানুষের ধর্ম ॥

একবিংশ খণ্ড—খাপছাড়া (সংযোজনসহ), ছড়ার ছবি ॥ তপতী ॥
(১৩৫৩ শ্রাবণ ২২) গল্পগুচ্ছ ॥ ছন্দ ॥

দ্বাবিংশ খণ্ড—প্রান্তিক, সেঁজুতি ॥ নবীন (পরিশিষ্টসহ), শাপমোচন
(১৩৫৩ আশ্বিন) (সংযোজনসহ), কালের যাত্রা (পরিশিষ্টসহ) ॥
গল্পগুচ্ছ ॥ পারস্যে ॥

ত্রয়োবিংশ খণ্ড—প্রহাসিনী (সংযোজনসহ), আকাশপ্রদীপ ॥ চণ্ডালিকা,
(১৩৫৪ আশ্বিন) তাসের দেশ ॥ গল্পগুচ্ছ ॥ সাহিত্যের পথে
(পরিশিষ্টসহ) ॥

চতুর্বিংশ খণ্ড—নবজাতক, সানাই ॥ বাঁশরি ॥ গল্পগুচ্ছ ॥ কালান্তর
(১৩৫৪ পৌষ) (সংযোজনসহ) ॥

পঞ্চবিংশ খণ্ড—রোগশয্যায়, আরোগ্য, জন্মদিনে ॥ শ্রাবণগাথা, নৃত্যনাট্য
(১৩৫৫ বৈশাখ) চিত্রাঙ্গদা, নৃত্যনাট্য চণ্ডালিকা, শ্যামা (পরিশিষ্টসহ) ॥ তিনসঙ্গী (পরিশিষ্টসহ) ॥ বিশ্বপরিচয় ॥

ষড়বিংশ খণ্ড—ছড়া, শেষলেখা ॥ মুক্তির উপায় ॥ লিপিকা, সে, গল্পসল্প ॥
(১৩৫৫ পৌষ) বাংলাভাষাপরিচয়, পথের সঞ্চয়, ছেলেবেলা, সভ্যতার সংকট ॥

সপ্তবিংশ খণ্ড—স্ফুলিঙ্গ ॥ গল্পগুচ্ছ : বদনাম, প্রগতিসংহার, শেষপুরস্কার-
(১৩৭২ বৈশাখ ২৫) খসড়া, মুসলমানীর গল্প, ভিখারিণী, করুণা ॥ আত্ম পরিচয়, সাহিত্যের স্বরূপ, মহাত্মাগান্ধী, আশ্রমের রূপ ও বিকাশ, বিশ্বভারতী, শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রম, সমবায়নীতি, খৃষ্ট, পল্লীপ্রকৃতি ॥

পরিশিষ্ট-২

(গ) রবীন্দ্ররচনাবলী—পশ্চিমবঙ্গ সরকার প্রকাশিত রবীন্দ্র-জন্মশত-বার্ষিক সংস্করণ। ১৯৬১ (১৩৬৮) বৈশাখ। এ পর্যন্ত ইহার চতুর্দশ খণ্ডের প্রকাশ আমরা দেখিয়াছি। বিশ্বভারতী কর্তৃক প্রকাশিত রবীন্দ্ররচনাবলীর প্রায় সমস্ত রচনাই উল্লিখিত জন্মশতবার্ষিক সংস্করণ রচনাবলীতে পুনর্মুদ্রিত হইয়াছে। উপরন্তু প্রথমোক্ত রচনাবলীতে সংকলিত হয় নাই এমন কিছু কিছু রচনাও শেষোক্ত রচনাবলীতে মুদ্রিত হইয়াছে।

আলোচ্য রচনাবলীর বিষয়বিন্যাস বিশ্বভারতী-প্রকাশিত রচনাবলীর অনুরূপ নহে। ইহার বিষয় বিন্যাস নিম্নলিখিত রূপ :—

প্রথম খণ্ডে :— কবিতা। সূচী : সন্ধ্যাসংগীত, প্রভাতসংগীত, ছবি ও গান, ভানুসিংহ ঠাকুরের পদাবলী, কড়ি ও কোমল, মানসী, সোনার তরী, নদী, চিত্রা, চৈতালি, কণিকা, কথা ও কাহিনী, কল্পনা, ক্ষণিকা, নৈবেদ্য, স্মরণ।

দ্বিতীয় খণ্ডে :—কবিতা। সূচী : শিশু, উৎসর্গ (সংযোজন), খেয়া,

গীতাঞ্জলি, গীতিমাল্য, গীতালি (সংযোজন), বলাকা, পলাতকা, শিশু-ভোলানাথ, পূরবী, লেখন, মহুয়া, বনবাণী, পরিশেষ (সংযোজন)।

তৃতীয় খণ্ডে :—কবিতা। সূচী : পুনশ্চ, বিচিত্রিতা, শেষসপ্তক (সংযোজন), বীথিকা (সংযোজন), পত্রপুট, শ্যামলী, খাপছাড়া (সংযোজন), ছড়ারছবি, প্রান্তিক, সেঁজুতি, প্রহাসিনী (সংযোজন), আকাশপ্রদীপ, নবজাতক, সানাই, রোগশয্যায়, আরোগ্য, জন্মদিনে, ছড়া, শেষলেখা, পরিশিষ্ট : পতিতা, ভাষা ও ছন্দ, শিবাজী-উৎসব, সুপ্রভাত, দুর্দিন, নমস্কার।

চতুর্থ খণ্ডে :— গীতবিতান ও বিবিধ কবিতা। সূচী : গীতবিতান, শৈশবসংগীত, বিদেশীফুলের গুচ্ছ (অনূদিত কবিতা), স্ফুলিঙ্গ, চিত্রবিচিত্র, অবিস্মরণীয়। পরিশিষ্ট : মাতৃবন্দনা, গীতিনাট্য বাল্মীকি-প্রতিভার সূচনা, নৃত্যনাট্য মায়ার খেলার প্রথম সংস্করণের বিজ্ঞাপন, নৃত্যনাট্য চিত্রাঙ্গদার বিজ্ঞপ্তি।

পঞ্চম খণ্ডে :—আখ্যানকাব্য ও নাট্যকাব্য। সূচী : বনফুল, কবিকাহিনী, ভগ্নহৃদয়, রুদ্রচণ্ড, প্রকৃতির প্রতিশোধ, রাজা ও রাণী, বিসর্জন, চিত্রাঙ্গদা, বিদায় অভিশাপ, মালিনী। কাহিনী : গান্ধারীর আবেদন, সতী, নরকবাস, লক্ষ্মীর পরীক্ষা, কর্ণ-কুন্তী সংবাদ। বসন্ত, শেষবর্ষণ, নটরাজ, নবীন, (পরিশিষ্ট)। শাপমোচন, সংযোজন। শ্রাবণ গাথা।

ষষ্ঠ খণ্ডে :—গদ্যনাটক। সূচী : গোড়ায় গলদ, বৈকুণ্ঠের খাতা, হাস্যকৌতুক, ব্যঙ্গকৌতুক, শারদোৎসব, মুকুট, প্রায়শ্চিত্ত, রাজা, অচলায়তন, ডাকঘর, ফাল্গুনী, গুরু, অরূপরতন, ঋণশোধ, মুক্তধারা, রক্তকরবী, চিরকুমার সভা, শোধবোধ, গৃহপ্রবেশ, নটীর পূজা, শেষরক্ষা, পরিত্রাণ, তপতী, কালের যাত্রা, চণ্ডালিকা, তাসের দেশ, বাঁশরি, মুক্তির উপায়। পরিশিষ্ট : নলিনী।

সপ্তম খণ্ডে :—গল্প। ইহাতে বিশ্বভারতী সংস্করণ গল্পগুচ্ছ ১ম, ২য়, ৩য় ও ৪র্থ খণ্ডে প্রকাশিত সমস্ত গল্পই সংকলিত। ইহা ছাড়া স্বতন্ত্রভাবে প্রকাশিত রবীন্দ্রনাথের লিপিকা (১৯২২ খৃঃ) সে (১৯৩৭ খৃঃ), তিনসঙ্গী

(১৯৪০ খৃঃ), গল্পসল্প (১৯৪১ খৃঃ) এই চারিখানি বইও রচনাবলীর এই খণ্ডের অন্তর্ভুক্ত হইয়াছে।

অষ্টম খণ্ডে :—উপন্যাস। সূচী : বউ-ঠাকুরাণীর হাট, রাজর্ষি, চোখের বালি, প্রজাপতির নির্বন্ধ, নৌকাডুবি, পরিশিষ্ট : করুণা; পরিশিষ্ট-২ : 'রাজর্ষি' বিষয়ক তথ্যাদি।

নবম খণ্ডে :—উপন্যাস। সূচী : গোরা, চতুরঙ্গ, ঘরে-বাইরে, যোগাযোগ, শেষের কবিতা, দুইবোন, মালঞ্চ, চার-অধ্যায়।

দশম খণ্ডে :—প্রবন্ধ (আত্মপরিচয়, বিশ্বযাত্রী এই দুইভাগে প্রবন্ধগুলি বিভক্ত)।

আত্মপরিচয় অংশে (১) জীবনস্মৃতি, (২) ছেলেবেলা, (৩) আত্মপরিচয় এই তিনখানি গ্রন্থ সংকলিত।

বিশ্বযাত্রী অংশে (১) য়ুরোপপ্রবাসীর পত্র, (২) য়ুরোপযাত্রীর ডায়ারি, (৩) জাপানযাত্রী, (৪) পশ্চিমযাত্রীর ডায়ারি, (৫) জাভাযাত্রীর পত্র, (৬) রাশিয়ার চিঠি, (৭) পারস্যে, (৮) পথে ও পথের প্রান্তে, (৯) পথের সঞ্চয়।

একাদশ খণ্ডে :—প্রবন্ধ, (পত্রাবলী, চারিত্রপূজা, শিক্ষা এই তিনভাগে এই খণ্ডের প্রবন্ধগুলি বিভক্ত)।

পত্রাবলী অংশে (১) ছিন্নপত্রাবলী (২) ভানুসিংহের পত্রাবলী এই দুইখানি বই।

চারিত্রপূজা অংশে (১) চারিত্রপূজা, (২) ভারতপথিক রামমোহন রায়, (৩) মহাত্মাগান্ধী, (৪) বুদ্ধদেব, (৫) খৃষ্ট এই পাঁচখানি বই।

শিক্ষা অংশে (১) শিক্ষা, (২) আশ্রমের রূপ ও বিকাশ, (৩) বিশ্বভারতী, (৪) শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রম এই চারিখানি বই সংকলিত।

দ্বাদশ খণ্ডে :—প্রবন্ধ (ধর্ম, স্বদেশ ও সমাজ এই দুই ভাগে বিভক্ত)।

ধর্ম অংশে (১) ধর্ম, (২) শান্তিনিকেতন, (৩) সঞ্চয়, (৪) মানুষের ধর্ম, সংযোজন : মানব-সত্য, পরিশিষ্ট : ব্রহ্মমন্ত্র, ঔপনিষদ ব্রহ্ম।

স্বদেশ ও সমাজ অংশে (১) চিঠিপত্র, (২) আত্মশক্তি ও সমূহ, (৩) রাজাপ্রজা, (৪) ভারতবর্ষ ও স্বদেশ।

ত্রয়োদশ খণ্ডে :—প্রবন্ধ (স্বদেশ ও সমাজ, ভাষা ও সাহিত্য এই দুইভাগে বিভক্ত)।

স্বদেশ ও সমাজ অংশে (১) সমাজ, পরিশিষ্ট (২) পরিচয়, (৩) কালান্তর, (৪) সমবায় নীতি, পরিশিষ্ট (৫) ইতিহাস, (৬) পল্লীপ্রকৃতি এই ছয়খানি বই।

ভাষা ও সাহিত্য অংশে (১) সমালোচনা, (২) প্রাচীনসাহিত্য, (৩) লোকসাহিত্য, (৪) সাহিত্য,-সংযোজন, (৫) আধুনিক সাহিত্য এই পাঁচখানি বই।

চতুর্দশ খণ্ডে :—প্রবন্ধ (ভাষা ও সাহিত্য, বিবিধপ্রসঙ্গ এই দুইভাগে বিভক্ত)।

ভাষা ও সাহিত্য অংশে (১) শব্দতত্ত্ব, (২) ছন্দ, (৩) সাহিত্যের পথে, (৪) বাংলাভাষা পরিচয়, (৫) সাহিত্যের স্বরূপ এই পাঁচখানি বই।

বিবিধপ্রসঙ্গ অংশে (১) বিবিধপ্রসঙ্গ, (২) আলোচনা, (৩) পঞ্চভূত, (৪) বিচিত্রপ্রবন্ধ, (৫) ব্যঙ্গকৌতুক, (৬) প্রাক্তনী, (৭) বিশ্বপরিচয় এই সাতখানি বই। এই খণ্ডের শেষে **'সংগীত'** শিরোনামে কবির সংগীত সম্পর্কিত প্রবন্ধ ও আলোচনা প্রভৃতির একটি স্বতন্ত্র অধ্যায়ও সংকলিত হইয়াছে।

পরিশিষ্ট-৩

নাট্যগ্রন্থ

(ক) পূর্বে প্রকাশিত উপন্যাস, কবিতা প্রভৃতি অবলম্বনে রচিত নাটক। এ-গুলি পরিশিষ্ট-১(ক) অংশে গ্রন্থাকারে প্রকাশিত রবীন্দ্ররচনার কালানুক্রমিক তালিকায় ধরা হইয়াছে।

বিসর্জন (১৮৯০) —রাজর্ষি (১৮৮৭) উপন্যাসের প্রথমাংশ হইতে গৃহীত।

মুকুট (১৯০৮) —মুকুট (১৮৮৫) শীর্ষক শিশুদের জন্য রচিত গল্প হইতে গৃহীত।

প্রায়শ্চিত্ত (১৯০৯) —বউঠাকুরাণীর হাট (১৮৮৩) উপন্যাসের বিষয়-বস্তু হইতে গৃহীত।

গৃহপ্রবেশ (১৯২৫) —শেষেররাত্রি (১৯১৪) গল্পের বিষয়বস্তু হইতে গৃহীত।

চিরকুমার সভা (১৯২৬) —প্রজাপতির নির্বন্ধ (১৯০৮) উপন্যাসের বিষয়-বস্তু হইতে গৃহীত।

শোধবোধ (১৯২৬) —কর্মফল (১৯০৩) গল্পের বিষয়বস্তু হইতে গৃহীত।

নটীরপূজা (১৯২৬) —কথা-কাব্যভুক্ত পূজারিণী (১৯০০) শীর্ষক কবিতার বিষয়বস্তু হইতে গৃহীত।

তপতী (১৯২৯) —রাজা ও রাণী (১৮৮৯) নাটকের বিষয়বস্তু হইতে গৃহীত।

শাপমোচন (১৯৩১) —রাজা (১৯১০) নাটকের বিষয়বস্তুর আভাসে রচিত স্বতন্ত্র নাটক।

রথের রশি (১৯৩২) —রথযাত্রা (১৯২৩) শীর্ষক রচনার বিষয়বস্তু হইতে গৃহীত। 'কালেরযাত্রা' গ্রন্থভুক্ত। দ্র. প্রবাসী ১৩৩০ অগ্রহায়ণ।

তাসের দেশ (১৯৩৩) —একটি আষাঢ়ে গল্প (১৮৯২) শীর্ষক গল্পের বিষয়বস্তু হইতে গৃহীত।

নৃত্যনাট্য চিত্রাঙ্গদা (১৯৩৬) —চিত্রাঙ্গদা (১৮৯২) নাট্যকাব্যের বিষয়বস্তু হইতে গৃহীত।

নৃত্যনাট্য চণ্ডালিকা (১৯৩৮)—চণ্ডালিকা (১৯৩৩) নাটিকার বিষয়বস্তু হইতে গৃহীত।

শ্যামা (১৯৩৯) —কথা ও কাহিনী কাব্যের পরিশোধ (১৯০০) শীর্ষক কবিতার বিষয়বস্তু হইতে গৃহীত।

মুক্তির উপায় (১৯৪৮) —মুক্তির উপায় (১৮৯২) গল্পের আভাসে রচিত স্বতন্ত্র নাটক।

(খ) পূর্বপ্রকাশিত নাটক অবলম্বনে পুনরায় রচিত নাটক

নূতন শিরোনামে পুরাতন নাট্যগ্রন্থ। পরিমার্জিত, পরিবর্তিত অথবা সংক্ষিপ্ত এগুলিও পরিশিষ্ট-১ (ক)-অংশে গ্রন্থাকারে প্রকাশিত রবীন্দ্ররচনার কালানুক্রমিক তালিকায় ধরা হইয়াছে।

গুরু (১৯১৮) —অচলায়তন (১৯১২) -এর নবরূপ

অরূপরতন (১৯২০) —রাজা (১৯১০) ,, ,,

ঋণশোধ (১৯২১) —শারদোৎসব (১৯০৮) ,, ,,

শেষরক্ষা (১৯২৮) —গোড়ায়গলদ (১৮৯২) ,, ,,

পরিত্রাণ (১৯২৯) —প্রায়শ্চিত্ত (১৯০৯) ,, ,,

বিসর্জন-সংক্ষেপীকৃতসংস্করণ (১৯৬১) —শান্তিনিকেতনের ছাত্রদের জন্য গ্রন্থকার স্বয়ং 'সংক্ষিপ্ত বিসর্জন' রচনা করেন (১৯৩৬)।

পরিশিষ্ট-৪

রবীন্দ্রনাথ রচিত এবং সম্পাদিত বাংলা গ্রন্থ ও গ্রন্থভুক্ত বিষয়ের পরিসংখ্যান

বিষয়	গ্রন্থের সংখ্যা	গ্রন্থের অন্তর্গত বিষয়ের সংখ্যা
কবিতা	৫১	মোট কবিতার সংখ্যা ২৮৯৫
গান	১৩	„ গানের „ ২১৪১
নাটক	৪৪	ঐতিহাসিক নাটক — ৫
		ঋতুনাট্য — ৭
		কাব্যনাট্য — ৮
		গীতিনাট্য — ৩
		নৃত্যনাট্য — ৫
		রূপকনাট্য — ১১
		সামাজিকনাট্য— ৫
প্রহসন	৬	মোট প্রহসনের সংখ্যা ২৩
উপন্যাস	১৩	সামাজিক — ২
		ঐতিহাসিক — ২
		মনস্তাত্ত্বিক — ৭
		রাজনৈতিক — ২
গল্প	৪ (লিপিকা, সে, গল্পসল্প ও গল্পগুচ্ছ ৪ খণ্ডে)	মোট গল্পের সংখ্যা ১৫০
প্রবন্ধ	৫১	মোট প্রবন্ধের „ ৯৩০
চিঠিপত্র	১৫ (পত্রধারা-১, ২, ৩, ছিন্নপত্রাবলী,	

		স্বর ও সঙ্গতি, স্মৃতিসহ)	„ চিঠির „ ১৬৫০
চিত্রলিপি	২	মোট চিত্র সংখ্যা	৩৩
স্কুলপাঠ্য গ্রন্থ	১৩		
সম্পাদিত গ্রন্থ	৬		
স্বরলিপি গ্রন্থ	৫৯	মোট স্বরলিপি সংখ্যা	১৯৪৮
অনুবাদ-সংকলন	১		

মোট গ্রন্থের সংখ্যা ২৭৮

উক্ত পরিসংখ্যানে রবীন্দ্ররচনার ভিন্ন ভিন্ন সংগ্রহপুস্তক (কাব্যগ্রন্থাবলী প্রভৃতি), সামগ্রিক সংকলন (রবীন্দ্ররচনাবলী প্রভৃতি), এবং নির্বাচিত সংকলন (সঞ্চয়িতা প্রভৃতি) বাদ দেওয়া হইয়াছে।

রবীন্দ্রনাথের প্রায় সমস্ত গল্প প্রচলিত গল্পগুচ্ছ চারিখণ্ডে পাওয়া যায়; গল্পগুচ্ছ-বহির্ভূত গল্প-সংবলিত যে সকল গ্রন্থ ভিন্ন ভিন্ন নামে প্রকাশিত হইয়াছে সে সমস্তই এই পরিসংখ্যানে ধরা হইল।

রবীন্দ্রনাথের প্রায় সমস্ত গান গীতবিতান তিনখণ্ডের একত্র প্রচারিত-সংস্করণে পাওয়া যায়; তবুও প্রথম হইতে গান-সংবলিত যে সকল গ্রন্থ ভিন্ন ভিন্ন নামে প্রকাশিত হইয়াছে সে সমস্তই এই পরিসংখ্যানের মধ্যে রহিয়াছে।

রবীন্দ্রনাথের কোনো কোনো কবিতা ও গান পরস্পর এমনভাবে অভিন্ন যে সংশয়াতীতরূপে এ-গুলির পরিসংখ্যান প্রস্তুত করা কঠিন। এখানে মুদ্রিত অন্যান্য বিষয়ের পরিসংখ্যান সম্বন্ধেও একই কথা বলা চলে। তথাপি এই কাজটি যথাসাধ্য ত্রুটীহীন করার চেষ্টা করা হইল।

পরিশিষ্ট-৫

রবীন্দ্রজীবনের সংক্ষিপ্ত কালানুক্রমিক ঘটনাপঞ্জী

(গ্রন্থ রচনা ও প্রকাশ বিষয়ক তথ্য স্বতন্ত্র তালিকায়। দ্র. পরিশিষ্ট—১ ক)

১৮৬১ ॥ মে ৭ (১২৬৮ বৈশাখ ২৫ সোমবার মধ্যরাত্রির পর) কলিকাতা জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে রবীন্দ্রনাথের জন্মগ্রহণ। পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, মাতা সারদা দেবী। রবীন্দ্রনাথ জনকজনী চতুর্দশ সন্তান (অষ্টম পুত্র)।

১৮৬৩ ॥ মহর্ষি দেবেন্দ্রনাথ কর্তৃক বোলপুরে-ভুবননগরের নিকট জমি ক্রয় এবং পরে সেখানে একটি একতলা অট্টালিকা নির্মাণ।

১৮৬৮-৭২ ॥ কলিকাতার ওরিয়েন্টাল সেমিনারি, নর্ম্যাল স্কুল (১৮৬৮) ও বেঙ্গল একাডেমিতে (১৮৭১) বালক রবির পড়াশোনা।

